#### SURA-SUNDARI'.

or

#### THE FAIR HEROINE.



#### রাজস্থানীয় বীরবালা-বিশেষের

চরিত্র।


## <u> এীযুক্ত রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়</u>

কৰ্ত্তক



PRINTED BY C. B. LEWIS, BAPTIST MISSION PRESS.

1868.



#### কবিতাশক্তির প্রতি।

কোথা গো কবিতা সতি সুধায়ত্ৰপিণী। কেন গো আমার প্রতি এরপ কোপিনী।। ত্যাপদ সর্সিজ পরিহরি আংমি। হইয়াছি বিফল চিম্নার অনুগামী।। সে চিন্তাগরলে মম মন জর জর। স্থির নহি ঠাকুরাণি ! কাঁপি থর থর।। বহুদিন দেথি নাই শান্তি মুথশশী। দিবানিশী ঘেরিয়াছে মলিনতা মদী ॥ অনুতাপে অনুদিন কাঁদি উভরায়। ভাবি আমি কি কর্ম করিনু হায় হায়।। ত্মি মম কিশোর কালের সহচরা। তব সঙ্গে যেত রঙ্গে দিবা বিভাবরী।। বিজনে ভটিনীতটে শম্পশ্যা করি। তরুচ্ছায়ে মৃদুবায়ে সুথে শ্রম ছরি॥ তুমি গো আমার কাছে বদি হাদি হাদি। দেখাইতে নিসর্গের যত রপরাশি।। স্থলজ জলজ পুষ্প-প্রকাশ-মাধুরী। বিধাতার তাহে কত চিকণ চাতরী।।

ভূমি চাকু মস্ত্রবলে মোহিতে নয়ন। অতি পুরাতন বস্তু হইত নূতন।। দিনকর নিভা নিভা নব ভাব ধরি। বিস্তারিত দিগন্তরে লাবণালহরা। এই যেন নব জবা কুদুম-সন্ধাশ। এই তপ্ত কাঞ্চনের প্রতিভা প্রকাশ।। দে কাঞ্চনে ভুমি দিতে অপূর্ব্য রদান। নির্থিয়া হইতাম আনন্দে অজ্ঞান।। প্রদোষে পশ্চিম দিগে সিন্দুরের রাগ। যেন সোম করে তথা অগ্নিক্টোম যাগ ॥ विन्द्र विन्द्र श्पि-भाष्ठ श्रिक्ष मिक् मण। সোম-মূথ হত্যে কিবা চ্যুত সোমরস।। উদয়ে ভারকাবলী, তব সহোদরা। শিয়রেতে বসি প্রক্তা, দেবীরূপধরা।। কহিতেন কত কথা দীমা নাহি তার। ভুান্তি অপগমে মৃক্ত বিজ্ঞানের দার।। স্ভাতি হুইত তৰু অভিভূত মন। সে ভাব কি কেছ ব্যক্ত করেয়ছে কথন।। শেশর সাগর শোভা প্রথমে যথন। নয়ন ভরিয়া আমি করি দ্রশন ॥ দর দর প্রপতিত পুলকাশ্রুবারি। সে ভাবের কণামাত্র বর্ণিতে কি পারি॥ ফিরাইতে নারিলাম যুগল নয়ন। নির্মল নীলনিভা-নিমজ্জিত মন ॥

বেলাকলে অপরপ শোভার সঞ্চার। উপজিত অগণিত হারকের হার 🛚 ই নুনীল হিল্লোলেতে বিষদ কলকে। অমনি অদৃশ্য হয় পলকে পলকে॥ ভ্যোময় মানুষের মানসে যেমন I বিজ্ঞান বিমল বিভা দেয় দ্রশন।। এথন দে সব ভাব বল গো কোথায় ৷ ইতর ধাত্র লোভে ক্লোভে প্রাণ যায়।। কোথায় আছ গো দেবি দেহ দরশন। আর আমি পাব না কি শান্তি সংমিলন।। কভু কভূ স্বপ্রাবেশে হইয়া উদয়। অপনরার বেশে মূথ্য কর গো হৃদ্য ।। জাগুতে ছায়ার প্রায় কভু দেহ দেথা। শূন্যে জাত যথা মন্দাকিনী ফেনলেথা।। ধরি পায় কৃপা করি হৃদি সি^হাদনে। वरमा (ता विस्तान्ना जिला स्रोय शाय ।। ভাবামৃতে মুগ্ধমন কর এক বার। রচিব পুরাণকথা সুধার ভাগুার।। করিয়াছ মম প্রতি কৃপা বারদ্বয়। এবারেও যেন মম লজ্জারকা হয়।। তোমাবিনাজ্ঞান হয় সব অস্ক্রহণা। ছেড়োনা গোমম সঙ্গ থাকিতে অজপা।। দেহ ভাবরপিণি গো। লেখনীতে বল। এইমাত আশা মম কর গো সফল ॥

স্থাদেশীয় সভীগণ অবলা অথলা।
জ্ঞানবলে বৃদ্ধিবলে কর গো সবলা।।
ছল বল কৌশলের কভই বিস্তার।
দুরস্তের হাতে নাহি তাদের নিস্তার॥
এইমাত্র কর, শ্রসুন্দরীর মত।
দুর্ফীদল অভিদন্ধি করিয়া বিহত।।
গৃহমেধি ফলদাত্রী হউন সকলে।
ভারতে ভাবিনী ধনাা লোকে যেন বলে

কটক। ) ১লা আশ্বিন ১২৭৫ বঙ্গাব্দা। ১

### সূচন।

এক দিন কর্মদেবীকথা সাঙ্গ পরে [ কহেন দিজেন্দ্ৰ-কবি, পথিক-প্রবরে।। ''মহারাণা লিথেছেন, শ্বন মহাশয়। যাইতে উদয়পুরে যদি ইচ্ছা হয়।। তব আগমন আর বিনোদ উদ্দেশ। লোকম্থে হইলেন বিদিত বিশেষ।। দেথিবে দে রাজধানী অন্তি মনোহর। পেশলা নামেতে যথা রুমা সরোবর !! গিরিক্টে উচ্চতর প্রাদাদনিকর। চারু শ্বেড উপলেতে গ্রুথিত বিষ্কর।। কি বর্ণিব ত্রিপোলিয়া শোভন তোরণ। বাদল-মহলপুরী পরশে গগণ।। যত্র শাহাজাঁহা থ্যাতি লভি মহাবীর। ধরাধাশ পদপ্রাপ্ত গতে \* জাঁহাগার।। জীন্র্যা-মহলে বার দেন মহারাণা। विष्ठि विचव उथा निव्योदिक नाना॥

<sup>\*</sup> কথিত আছে উদয়পুরে মহারাণার বাদল-মহলে আতিথা পূহণ-করণ-কালে যুবরাজ খুর্রম পিতৃ-বিয়োগ সমাচার প্রাপ্ত হওনাতে শাহাজাঁহা নাম ধারণপূর্কক প্রথমাভিষিক হন।

অপরপ কেলাগৃহ জগৎমন্দির।
চারি ধারে বহে চারু সরসার নীর।।
প্রস্ফুটিত সহসু সহসু শতদল।
কনকপরাণাে জল বহে ঢল ঢল।।
পাবন-মােদিত হয়ে তার পারিমলে।
ধারে ধারে ফিরে সেই বিচিত্র মহলে।।
যথা নির্বাদনে ছিল আক্বরসূত।
মহারাণা-প্রেম-গুণে হয়ে হর্যসুত।।
চল চল চল হে পথিক গুণাকর।
দেখিবে উদয়পুর নগর সুন্দর।।
আর তব উদ্দেশ ফলিবে বহুমত।
শুনিতে পাইবে সতা ইতিহাস কত।।"

পথিক কছেন "যদি এই রূপ ঘটে। অবশ্য উদয়পুরে যাবা যোগ্য বটে।। আপনি যদ্যপি যান ভবে করি গতি। নয়ন সার্থক করি, হেরি হিন্দুপতি।। জানিলাম এই বারে সিদ্ধ মনোর্থ। কৃতার্থ হইবে আসা এই দূরপথ।।"

এই রপে দুই জন কথা স্থির করি।
প্রফুল্ল হৃদয়ে চলে উদয়নগরী।।
বিগত পথের শ্রম বিবিধ কথায়।
কত দিনে উপনীত হইল তথায়।।
বিহিত আদরে রাণা তুষিলা দোঁহারে।
নিতা নিতা নব কথা হয় দরবারে।।

রাণাকুলকাণ্ড কথা গাঁথা গুদ্ধ কত।
গুদ্ধাগারে পথিক দেখেন শত শত।।
হেমন্তে একদা এক পত্র পাচ পরে।
জিজ্ঞাদা করেন প্রিয় বন্ধু দিজবরে।।
"কহ কবি এ পত্রের মর্মা দবিস্তার।
কেবা এই পৃথী দি হ কবি গুণাধার।।
লিখেছেন, মহারাণা প্রতাপ নিকটে।
'কাহারে! নিস্তার নাই নৌরাজ! দঙ্কটে।।'
কিবা এ নৌরোজাকাণ্ড বুকিতে না পারি।
কহ কহ অনুগুহে বিশেষ বিস্তারি।।
অচিরপ্রভার প্রায় দার্ঘ বিভাবরী।
বিগত হইবে দুখে দান্তি দান করি।।''

স্তানিয়ে কবান্দু আরম্ভিলা ইতিহাস।
শারঙ্গে দারদা আসি হইলা প্রকাশ॥
নাচিতে লাগিলা যত রাগিনীর দঙ্গে।
দৃজিল দুরদ-রঙ্গ গানের প্রদঙ্গে।



# শ্রস্নরী।

## প্রথম সর্গ।

ভ্রমভরা এই ভবে মানুষের মন ! কবে কোনু ভাবে থাকে নছে নিৰূপণ।৷ এই শান্ত দান্ত, কান্ত ভ্রান্তির প্রলোভে। এই পাপপঙ্কে মথ, ভথ চিত্ত কোভে ৷৷ 📲 এই ঋষি বিবেকের ভক্তদাস অতি ৷ এই মোহমাদকে প্রমন্ত ঘোর মতি।। এই ছিল বিদ্যারসে রসিক সুজ্প। এই অবিদ্যার বশ মূর্থ অভাজন।। এই প্রিয়া পরিণীতা বনিতার বশ। এই পরকীয়া প্রেমে পিয়ে সুধারস।। এই মত্ত মাতঙ্গের মত বলবান। এই ক্ষাণ ক্ষুধাতুর কিথার সমান।। তড়িৎ জড়িত যথা জলদঘটায়। শশলেখা দেয় দেখা শশীর ছটায়।।

কমলে কণ্টক যথা সাগরে লবন। স্থান বিবেচনা যথা না করে পবন।। সেইৰূপ মানুষের গতি স্থির নয়। এই এক ৰূপ, এই অন্য ৰূপ হয়।। এক ক্ষণে পাপজ্ঞানে যার প্রতি রোষ। পরক্ষণে সেই পাপে চিত্ত পরিতোষ।। কে বৃষিতে পারে এই ভবের মরম। কিছুই নছেক স্থির ইহার চরম।। এ সুধায় কেন বিষ-সঞ্চার ঘটিল ৷ এ ক্ষীর কলস কেন কুরসে নটিল !! বিমল হইবে কবে কেহ বা জিজ্ঞানে। ঘনঘটা মোহ-মেঘ হৃদয় আকাশে ৷৷ ভেবে ভেবে পরিহার করিয়া আশ্রম। কেছ যায় বনে, সেও ব্যর্থ পরিশ্রম ৷৷ মনে ভাবে ত্যজিয়াছি প্রবৃত্তিসঙ্গম। সন্ধী সব পাপহীন স্থাবর জন্ধম।। কিন্তু হায় এ কথার মীমাণ্দা কোথায়। বনে কেন বিবেকী পাতক-পথে খায়।। সুরগুক বুদ্ধে রহস্পতি মহাযশ। এমল নিক্ষামী কেন কামেতে বিবশাঃ

ধর্ম ধ্যান ধ্রত পরাসর বীতরাগ। মীনগন্ধ-প্রতি কেন তাঁহার সোহাগ।। वृन्ता वित्नाकरन किन धर्म धर्मशेन। সতীশাপে কলিকালে হইলেন ক্ষীণ।। কামিনী-কুহকে নারদের নানা গতি। হরিল হরিণনেত্রা হরিপদে রতি ৷৷ কিছুই না থাকে বোধ সম্বন্ধ-বিচার। ভাতুপ্রেম বন্ধুপ্রেম হয় ছার থার।। অশ্বিনীকুমার সম এক তনু মন। जुन्म উপসুन्म नात्म मनुक मुक्तन । । তম্বী তিলোত্তমা তৰুণীর তন্ত্রবলে। ভাতভেদ গৃহচ্ছেদ বিলীন বিপলে।। কোথায় সুমেৰুচূড়া সুবৰ্ণপত্তন। রম্ভাশাপে রাবণের সবংশে নিধুন।। কোথা গেল ছস্তিনার বিপুল বিভূতি ৷ যাক্তদেনী-রোষানল-যজ্ঞের আহুঠি।। যত দিন মানুষের ধর্মে থাকে মতি। তত দিন সব দিগে উদিত উন্নতি।। অধর্মে ধাইলে রতি অমনি সংহার। ক্ষীরপূর্ণ কুম্নে যথা অম্বলসঞ্চার ৷৷

ক্রমে ক্রমে ক্ষয় পায় যত কিছু সার। বিনাশের হাতে আর না থাকে নিস্তার ৷৷ যথা ফুল ফল দল পল্লব শোভন। বনের ভূষণ তব্দ নয়নলোভন ৷৷ অন্তরে লাগিলে কাট ক্রমশঃ শুখায়। সহসা বাহিরে কিছু দেখা নাহি যায় ॥ मिल्लीत पार्पा पर्य पर्य पीश्व पर्या पिनि । यागनमार्छए नहे नृशनिका निनी।। বিচার বিজ্ঞান বীজ করিয়া বিস্তার ৷ করিল হিতের স্বষ্ঠি অশেষ প্রকার।। তৈল যথা তোয় সহ সংমিলিত নহে। হবি যথা অনল পরশ পেয়ে দহে।। ভুজক্ষের প্রতি যথা বিরাগী নকুল। হিন্দু মুসল্মানে হেন ভাব প্রতিকূল।। এমন বিষম বৈর করি সংহরণ। ष्ट्रभायून् व॰न यरन ভরিল ভুবन ।। কত কীর্ত্তিকলাধর কহিতে কে পারে। বিবিধ বিবুধ রত্ন দিল্লীৰূপ হারে ৷৷ মহাকবি দহলবা আমীর প্রধান। অদ্যাপি যাহার গান রসের নিধান ॥

অদ্যাপি থাহার পুণ্য-প্রবাহ রূপায়। স্থান পান করি লোক দেছে প্রাণ পায়।। গোপাল নায়ক গুণী কলিতে তৃষুৰু। থোসৰুকে মানিল বলিয়া গানগুৰু।। আর দেই দুই ভাই গুণের সাগর। বিদ্যাত্রতে পতন করিল কলেবর ৷৷ প্রবেশিল বারাণসী বিপ্রবেশ ধরি। অসাধ্য সাধিল শ্রুতি স্মৃতি শিক্ষা করি ৷৷ যথা ভীমাৰ্জ্জুন ধরি ব্রাহ্মণের বেশ। पूर्वम मर्गध पूर्व कतिल श्रादना।। আর সেই ধীর বীরবর বীরবর। যার ঋণ শুধিতে নারিল আক্বর ৷৷ यात तुष्तिरकोश्यालत याहे विनशाति। यतन मानवम्ल भई थईकाड़ी ॥ হিন্দুর রাখিল মান বিবিধ বিধানে। দুই দলে প্রতিপত্তি তুল্য পরিমাণে ॥ দিয়ে দান হিন্দু রাজবালা দিল্লীখরে । রাজপুরে স্বদেশের বলর্দ্ধি করে !৷ জয়পুর-অধিপতি করি কন্যাদান। দিল্লীপতি-কৃত প্ৰাপ্ত অতুলসম্মান।।

তাঁর সূত মানসি°ছ বিক্রমে বিশাল। বাজালায় নবাবী করিল কত কাল ৷৷ यागनरमनात हिन श्रधान रमनानी। ভগিনীর প্রসাদাৎ মান হৈল মানী।। সেই পথে পথিক মৰুর অধিকারী। অকলঙ্ক কুলে পঙ্কপ্রদ দরাচারী।। কেবল মিবার-পতি প্রতাপকেশরী। বিশুদ্দ রাখিল কুল প্রাণপণ করি।। মোগলের ছলে বলে না হইল বশ। প্রকাশিল অনুপম বীরত্ব ওজস্।। প্রাচীতে রেকান, পশ্চিমেতে তুর্কস্থান। একচ্ছত্রা শাসন করিল সেই মান।। যাইতে যবনদেশে মন নাহি সরে। যবন প্রবাদ একে কুলশশধরে ৷৷ আবার আটক পারে রাজাদেশ যেতে। কোনৰূপে আশা আর না রহিল জেতে।। মোগলপতির চারু উপদেশ বাণী।\* লঙ্খিতে নারিল মান নিল মনে মানি।।

<sup>\*</sup> आक्रत मार्टित आरममानुमारत मान्मिश्च आप्रेक शाद इहेश सम्बद्धारण घारेटित अधिस असीकांत शाहेशाहिरमन, किस

কিন্তু কুলকলক্ষেতে দুঃখী সদা মান। জাতি নাশে হত মান, সদা অিয়মাণ ৷৷ दल दल, वृक्ति दल, धन यभ दल। কুল গেলে কেন হয় মানুষ বিকল।। কি কাণ্ড কুলের কাণ্ড জাতি-অভিমান। ধরা পরিহরি কবে হবে অন্তর্জান।। কবে সবে এক জাতি করিবে স্বীকার। এক ভাবে জাতীশ্বরে দিবে নমস্কার।। এই জাতি বহুতর অনর্থের মূল। ইতিহাসে আছে তার প্রমাণ বহুল।। দাক্ষিণাত্য জয় করি মানসিণ্ছ রায়। উদয় উদয়পুরে জাতির আশায়।। রাণার সহিত করি একত্রে ভোজন। পুনর্বার ক্ষতিয়ত্ব প্রাপণ মনন ৷৷ প্রতাপ পাঠায়ে দেন আপন কুমারে। মানসিংহে যথা সমাদরে আনিবারে ৷৷

সমাটের নিহ্নলিখিত জানপূর্ণ বাক্যে তাঁহার আর আটক থা-কিল না, যথা,

<sup>&</sup>quot; সব হি ভূম্গোপাল কা, ইস্মে, অটক কঁহা।" জিস্কা মন্মে অটক হৈ, " বহি অটক্রহা॥"

রাণারে না দেখি মান ভোজন-সময়ে। কুমারে জিজ্ঞানা করে সানমুথ হয়ে।। " কহ তাত মহারাণা কেন অনাগত। তদভাবে ভোজন না হয় সুসঙ্গত ।।" কুমার কহেন " পিতা অসুস্পরীর। আপনি বসুন ভোজে হইয়ে সুস্থির॥" মান কছে " বুঝিয়াছি অসুস্থ কারণ । কহ তাত ভবিতব্য কে করে বারণ।। রাণার প্রসাদ ভিন্ন এবে গতি নাই। তিনি যদি জাতি দেন তবে জাতি পাই ॥" শুনিয়ে দে কথা রাণা আদিয়ে নিকটে। কহিলেন "যা কহিলে সব সত্য বটে ॥ কিন্তু কছ প্ৰায়শ্চিত্ত হইবে কেমনে। তোমার ভগিনী গত যবনভবনে ৷৷ বিষ বিদর্পণে হল্যে ৰুধিরে বিকার। কেমনে ধরিবে পুনঃ কাস্তি আপনার ॥" সে কথায় শুথাইল মানের বদন। পঞ্জাস অন্ন শিরে করিয়া ধারণ ৷৷ তুরঙ্গে উঠিয়ে কহে সরোষ বচন। '' আমাদের জাতিপাত তোমারি কারণ।।

তনুজা অনুজাগণে দিয়ে বিসর্জন। করিয়াছি তব দেশে শাস্তির স্থাপন ৷৷ এথন ক্ষত্রিয়গণে করি পরিহার। দেখা যাবে কেমনে রাথিবা অধিকার।। তবে জেন মম নাম মানসি°ছ নয়। যদি তব সর্বনাশ অচিরে না হয় ৷৷" প্রতাপে প্রতাপ কন "আচ্ছা দেখা যাবে। আহবে আমায় কভু বিমুখ না পাবে ॥" পারিষদ কছে এক দিয়ে টিট্কারী। " সঙ্গে করি আনিও হে দিল্লী-অধিকারী।। তব বুনায়ের বল হইবে পরীক্ষা। দেখা যাবে সমরে কে কারে দেয় দীক্ষা।।" ক্রোধে মান কম্পবান করিল পয়ান। ক্ষত্রিগণ নদীজলে করে গিয়ে স্নান।। শুচি হেতৃ ধৌত বস্ত্র করিল পিধান। উৎথাতিল ভূমি যথা বস্যেছিল মান।। সেই স্থল পবিত্র করিল গঙ্গাজলে। মেচ্ছবৎ জ্ঞানে মানে মানিল সকলে।। শ্যালকের দুর্দশা শুনিয়ে দিল্লীপতি। একেবারে ক্রোধানলে জ্বলিতাঙ্গ অতি।।

বল দেখি ভবলীলা একি চমৎকার ৷ যে আক্বর কৰুণার সাগর অপার ৷৷ যে আক্বর সুবিচারে ধর্ম-অবতার ৷ যে আক্বর বহুবিধ জ্ঞানের আধার !৷ যে আক্বর ভেদজ্ঞান বিহীন সুজন। সকল জাতির প্রতি সমান দর্শন।। সেই গুণসিক্সু শাহ শ্যালকবচনে। হিন্দুধর্ম সংহারে প্রতিজ্ঞা করে মনে।। না থাকিবে ভারতে হিন্দুর স্বাধীনতা। অসতী হইবে পুণ্যভূমি পতিব্ৰতা।। বড় বড় রাজপুৎ কুলকন্যা ঘরে। বড় বড় সর্দার সেবা পরিচরে।। পরিণীতা নহে শুধু শশদীয়া বালা। নহে পীত সে সিন্ধু নিঃস্ত চাৰু হালা ৷৷ न**ः** रमीভূত ভূপ উদয়-নন্দন।\* এই অনুতাপদাহে দহে তনু মন।। শাস্ত্র এই, যুক্তি এই, যেই হয় বীর। অধর্মের পদে কভু না নোয়ায় শির ৷৷

<sup>\*</sup> রাণা প্রতাপ সিৎহ।

সহত্র শক্রতা থাক্ প্রতিযোগী সহ!
বিগ্রহ ব্যসনে সদা অধর্মবিরহ!!
কিন্তু বীর আক্বরে সে ভাব কোথার।
করিল কুকীর্ত্তি শেষ শ্যালার কথায়।।
সাজিল উদয়পুর দর্পচুর হেতু।
উড়িল আকাশে অর্জচন্দ্র চিত্রকেতু।।

ইতি প্রথম সর্গ।

## দ্বিতীয় সর্গ।

যৌবনে যুবতী যথা পতিহীনা হয়।

সকল সম্পদ্ হত ব্যাকুল হৃদয়।

বসন ভূষণ ভোগ রাগে বীতরাগ।

দিবা নিশি গত লয়ে ত্রত পূজা যাগ।।

দেই ৰূপ তৰুণী যতিনী প্রায় তুমি।
প্রতাপের রাজ্যকালে ছিলে মেৰুভূমি।।\*

তব দুর্গ দেহে আর নাহি পূর্বশোভা।

যেই শোভা শূর বীরগণ মনোলোভা।।

<sup>\*</sup> भिवाद्वत প्राठीन नाम!

উদয়ের \* সহ যবে যবনের রণ ৷ তাহে অন্তগত তব প্রতিভাতপন ৷৷ একবার আলার প্রবল কোপানলে। কত কীর্ত্তিকলা তব গেল রসাতলে।। তার পর বেয়াজীদ করে আক্রমণ। পুনঃ তাহে তোমার লাবণ্য সংহরণ।। অনন্তর আক্বর সাজিয়া আসিল। य किছू वा ছिल वाकी मकिल नामिल।। কে বলে জগদ্গুৰু সে মোগলবরে। কেন বা তাহার মুদ্রা লোকে সমাদরে।। কোন ৰূপে নহে কান্ত অশান্ত মোগল। শ্যালকের অপমানে হইল পাগল। বিশেষতঃ প্রতাপের প্রতাপ দুঃসহ। পাঠাইয়ে দিল পুণ্ডে সেনাসিক্স সহ।। সঙ্গেতে আইল মানসি°হ মহাবেত। হায় ভিন্ন ধাতু প্রদবিল এক ক্ষেত।। এই মহাবেত রাণাব°শেতে সম্ভূত। প্রতাপের কনীয়ান্ সাগরের সুত।।

<sup>\*</sup> রাণা প্রতাপের পিতা উদয়সিৎহ।

ধনলোভে ধর্মচ্যুত হৈল দিল্লীপুরে। দ্বেষানল যথা কাশ্যপেয় সুরাসুরে।। প্রতাপের অন্য ভাই শক্তিসি°হ নাম। সেও স্বীয় জাতি জ্ঞাতি ভাতৃ প্ৰতি বাম।। মোগলের অনুগত, তারি সেবাকারী। স্বদেশ বিৰুদ্ধে অদ্য প্ৰহরণধারী।। ধনহান, উপায়বিহান, ভাতৃহান। মনে কর প্রতাপের কি ৰূপ দুর্দিন।। কিন্তু যথা সাগর-তরঙ্গ-প্রতিঘাতে। মহেন্দ্র অচল কভু শরীর না পাতে।। প্রতি প্রতিঘাতে তার মূলবন্ধ হয়। সেৰূপ সুদৃঢ়চেতা উদয়তনয়।। এই পণ সভান্তলে করে মহাবল। "জननीत खना मूथा कतिव উष्ज्वन ॥" সেই পণ পালন করিল মহাশয়। হেন কীর্ত্তি হয় নাই, হইবার নয়।। সকল সাআজ্য শুদ্ধ বিৰুদ্ধ তাহার। একেশ্বর সহিল, রাখিল অধিকার।। কত শত শক্রভূমি দিল ছারখারে। কভু বনে বাস, কভু পর্বত-মাঝারে॥

আহার বনের ফল, পেয় নদীজল। সুখের শয়ন, কাননের তৃণ দল।৷ বন্য পশু বন্য নর সহিত বস্তি ৷ এৰূপে পালিল দারা সুত মহামতি।। মনে ভাবে, আমি শিলাদিত্য বংশধুর ৷ নমস্য কে আছে মম ভুবন ভিতর।। দূরে থাক্, যবনেরে সুতা সম্প্রদান। প্রাণসত্ত্বে না মানিল বলিয়া প্রধান।। অদ্যাপি প্রতাপ-নাম শ্রুত মুথে মুথে। কীর্ত্তিকলা লেখা যত রাজপুত্র বুকে।। কহিতে সে কথা কবি-নেত্রে বহে নীর। সত্য সেই প্রদীপ্ত করিল মাতৃক্ষীর।। কেবল ঠাকুর পঞ্চ প্রতাপের বল। প্রাণপণে প্রভুদেবা, হৃদয় সরল।। হিন্দুরাজ-চক্রবর্ত্তী-কীর্ত্তি হয় শেষ। ভাবিয়া অস্থির কিসে রক্ষা পাবে দেশ।৷ প্রভু পাশে সমরে জীবন যদি যায়। সেও শ্রেয়ঃ মোগলদাসত্ত যোর দায়।।

প্রভুপত্র উচ্ছিষ্ট প্রসাদ উপাদেয়।\* অমিয় তাহার সহ নহে উপমেয় ৷৷ হোথা শুন সমাচার সমরসমিদে। আইল मलिम † तोज्रतम-পূর্ণ হদে॥ আরাবলী-পর্বত-পশ্চিম দিয়ে ধায়। প্রবৈশিল মেরুদেশে কালানল প্রায়।। হল্দীঘাটে প্রতাপ পাতিল নিজ থানা। অমরের সাধ্য নহে তথা দিতে হানা ৷৷ বাইশ হাজার মাত্র সেনার যোগান। গিরিকুটে সুসজ্জিত রাথে মতিমান।। গিরিব্রজে রাজধানী যেরা অনুপম। জরাসন্ধ দুর্গসম বিষম দুর্গম।। কিবা উপত্যকা কিবা অধিত্যকা স্থলে। নিবিড কানন প্ৰায় শোভা সেনাদলে।। অট্রালিকা শিথরে কি পর্বত শিথরে। কোষমুক্ত অসি, নির্মরের ভাতি ধরে ৷৷

<sup>\*</sup> মহারাণা নিজাধীন সামন্তদিগের সহিত ভোজনে উপবেশ-নানন্তর দ্বীয় পাত্রহুটতে কিয়দয় লইয়া তথাপে প্রধান মর্য্যাদারান ব্যক্তির প্রতি প্রসাদকরেন,এই প্রসাদের নাম 'দুনা'বা 'দুয়া।' এই সন্তুম প্রাপেণার্থ সামন্তর্গ অতীব লোলুপ, মানসিৎহ এই পত্রাব-শিষ্ট উল্ছিষ্ট প্রাপ্ত না হইবাতেই মিবারের সর্ব্বনাশ উপস্থিত হয়। কাহাঁগীরের বাল্য নাম।

ক্লতান্তকি**ঙ্ক**র সম দেখিতে করাল। প্রহরণ প্রস্তর ধনুক শরজাল।। প্রভুভক্ত অনুরক্ত ভাল নামা জাতি। সকলের আগে ভাগে রছে থানা পাতি।। বনেবাস সভ্যতা ভব্যতা নাহি জানে। কিন্তু প্রভুভক্তি যোগসার জ্ঞানে মানে॥ শশদীয়া-বিপদ্-সাগর-পার-সেতু। কত শত হত, প্রভু-পরিত্রাণ হেতু।। হইল বিষম যুদ্ধ, কি বলিব আরে। স্বধর্মপালন ব্রত, সর্বব্রতসার।। এক এক রাজপুত্র কুলের ঈশ্বর। ক্রমে ক্রমে স্বদলে হইল অগ্রসর।। নির্ভয় হৃদয়ে ধায় কেশরীর প্রায়। হূহুঙ্কার হর হর শব্দ উভরায়।। মহাবীৰ্য্যবান সবে মদমত্ত হিয়া। বরিষে বরষী ভল্ল অশ্বে আুরোহিয়া।। আপন সেনায় হেরি বিক্রম বিশাল। আনন্দরসেতে ভোর হইল ভূপাল।। সমরতরক্তে ভাসে সকলের আগে। যথা যায় শত্ৰুভটা ভঙ্গ দিয়ে ভাগে ৷৷

উড়ে বৈজয়ন্তী ভানু-ভাষিত **লোহিত**। বাজীরাজ চাতকের \* পৃপ্তে আরোছিত ৷৷ বৈর-শোধ গ্রহণার্থ ব্যাকুল অন্তরে। কুলের কজ্জল মানসিংহে তত্ত্ব করে।। সন্ধান মা পেয়ে তার যন ঘন ফেরে। সমুখে পাইল শাহ-সুত সলিমেরে ৷৷ শত শত যবনেরে করিয়া স°হার। মহাতেজে তথায় হইল আগুসার।। যেমন দেবতা, যান ভূষণ তেমনি। ঘন ঘন চাতক করিয়া ছেসাধনি ৷৷ সলিমের করিশুণ্ডে করে খুরাঘাত। ঝলকে ঝলকে হয় ৰুধির সম্পাত।। ভাগ্যৰশে আয়ুদে হাউদা ছিল আঁটা ৷ তাই বাদশাহসুত নাহি গেল কাটা।। তৃষ্ণকসোবারগণ দিয়েছিল হানা। কদলীর বন প্রায় কাটিলেন রাণা।। কাটা গেল মাহুত, মাতঙ্ক মাতোয়াল। চাতকের পদাঘাতে ক্ষেপিল বিশাল।।

<sup>\*</sup> রাণা প্রতাপের অখের নাম।

c a

পলায় আপন সেনা-শিবির-সন্ধানে। তাহে তৈমুরের বংশ রক্ষা প্রাণে প্রাণে ॥ যোরতর সমর হইল সেই স্থলে। দুই দল সমতুল কেহ নাহি টলে ৷৷ সলিমের রক্ষা হেতু যবনে যতন। রাণা-র**ক্ষা-হে**তৃ রাজপুতের পতন।। মহামার-মদে মত্ত মেরুদেশপতি। শরে শরে জর জর কলেবর অতি ॥ থরতর করবালে বিক্ষত শরীর। কিন্তু মনে কিঞ্চিং বিকল নছে বীর !! তিলেক না ছাড়ে রাজচ্ছত্র শিরোপরে। শক্রসেনা তার প্রতি একলক্ষ্য করে ৷৷ সেই দিগে ধেয়ে সবে বর্ষে প্রছরণ। প্রারটের মেঘমালে তপন যেমন।। প্রতাপে প্রতাপ বার বার তিন বার। শক্রসেনা মথি করে আপন উদ্ধার।। যেন যোর আখেটে ভাষণ সি°ছবয়ে 1 পাল পাল গৃহপাল যেরি শব্দ করে।। ব্যহভেদ করি হরি যত যায় দূরে। ততই তাহারে বেড়ে আথেটী কুকুরে ।।

সেই ৰূপ অবসন্ন হৈল মহোদয়। পরিত্রাণপথ আর দৃশ্য নাহি হয় ৷৷ হেন কালে ঝালবর দেশের ঈশ্বর। প্রভুর উদ্ধার-হেতু হয় অগ্রসর।। ছত্র দণ্ড নিশান অন্যথা তথা করি। ধরাইল হেমচান্সী স্বীয় শিরোপরি।। মোহিল মোগলসেনা দেখি ছত্র দপ্ত। সেই দিগে প্রহরণ প্রহারে প্রচণ্ড।। সেই অবকাশে রাণা অন্য পথে যায়। ধন্য ধন্য ঝালবরপতি মহাকায়।। প্রভুরে বাঁচায়ে দিয়ে স্বীয়গণ সহ। শত্রুদলে সমর করিল দুর্বিসহ।৷ অনন্তর আয়ুধ আঘাতে হতবল। প্রাণ পরিহরে ঝালী সহিত স্বদল।। অনুপম প্রভুভক্তি, দেহ দিল ডালী। . রাথিল অপূর্ব কীর্ত্তি নিজ ধর্ম পালি।। কীর্ত্তিকলা পুরস্কার থাকে মাত্র শেষ। করিলা প্রতাপ এই নিয়ম নির্দেশ।। বংশ-অনুক্রমে ঝালবরপতিগণ। রাজচ্ছত্র দপ্ত আর নিশান শোভন ৷৷

নিজ ধামে ধরাইবে ধরাধীশ প্রায়। রাণার দক্ষিণে স্থান পাইবে সভায়।। অদ্যাপি উদয়পুরে আছে এই রীতি। ভক্তির তনয় স্বেহ কছে ধর্মনীতি ৷৷ কিন্তু বল,একের বীরত্বে কি উপায়। মোগলের সেনা সীমাহীন সিন্ধু প্রায়॥ চারি দিগে জ্বলিয়া উঠিলে হুতাশন। घर्षे पूर्व करन कच् इय निवातन।। লক্ষ লক্ষ মোগল করিল আক্রমণ। অগণিত কামানে অনল বরিষণ ৷৷ मन मन উটের উপরে বাঁধা তোপ। यहे फिर्ग वर्ष (गाना महे फिर्ग लाश ।। कि कहित इन्मिघाटि पूः तथत काहिनो। বাইশ হাজার ছিল রাণার বাহিনী।। থাকিল হাজার অষ্ট চরম প্রহরে। विक्न कथितममी कम्मरत कम्मरत।। প্রভুভক্তি-প্রত্রবণ-জাত তরঞ্চিণী। यरभाक्त काचूनम-राभु अमितनो।। শৌর্য সুধানয় কল কলে যার জলে। যে পায় আশ্বাদ সেই ধন্য ধরাতলে ৷৷

প্রদোষে প্রতাপ পুরে করিলা প্রস্থান। নির্ভয় চাতক-গতি প্রবন্সমান।। পুরোভাগে পয়স্বিনী বহিছে অঙ্কারে ৷ এক লাফে তুরস্থ যাইল তার পারে।। অখে ছুটে যুগল মোগল তার পাছে। থমকিল তারা সেই তটিনীর কাছে।। প্রভু-প্রায় চাতক আহত অতিশয়। নিকট হইল শক্ৰ জানিল নিশ্চয়।। খুরের আঘাতে শৈলে উঠিছে অনল। জলধরে যেন ক্ষণপ্রভা ঝলমল ।। এমন সময়ে রাণা করেন প্রবণ। কহিতেছে স্বদেশ ভাষায় এক জন।। কহে ঘন "ওহে নীল ঘোড়ার চালক।" শুনি সম্বোধন রাণা ফিরান মস্তক।। দেখিলেন অশ্বারোহী আর কেহ নয়। আপন অগ্রজ শক্তিসি°হ মহোদয়।। পিতা দিল অনুজেরে নিজ রাজ্যভার।\* কোভানলে স্বদেশ ত্যাজিল গুণাধার।।

<sup>\*</sup> রাণা উদয় সিৎহের ভোগ্যাজাত পুজনিকর ব্যতীত পঞ্চ বিংশতি বিবাহিতাজাত পুত্র ছিল, মিবারদেশে জ্যোষ্ঠানুক্রমে সিংহা-সন প্রাপ্তের নিয়ম সত্তেও রাণা উদয় সিংহ তাহা ভঙ্গ করিয়া স্বীয়

ধিক্ ধিক্ ধিক্ রে ধনাশা দুরাশয় ।
ভাতৃপ্রেম অমতে গরল উপজয় ।।
শাহের দেবায় শক্তি তদবধি রত ।
ঘদেশের প্রতিকৃলে সম্প্রতি আগত ।।
মোগলসেনায় থাকি করে বিলোকন ।
একেশ্বর প্রতাপ করিছে পলায়ন ।।
সেই ক্ষণে দ্বেষানল নির্বাণ পাইল ।
পুনঃ আসি ভাতৃস্থেহ হৃদয় ছাইল ।।
মনে ভাবে হায় ধিক্ আমি দুরাচার ।
আমার স্বরূপ কেবা আছে কুলাঞ্ছার ।।
ভাতৃভেদে বিচ্ছেদে ঘদেশ পরিহার ।
পরের প্রসাদ-লোভে প্রবৃত্তি আমার ।।

সর্বাপেক্ষা প্রেম্মী গর্মজাত জগৎমজকে রাজ্যভার প্রদান করেন।
অশোচকাল মধ্যে জগৎমজ সিংহাসনোপবেশন করিলে শোণিত
গড়ের অধিপত্তি আপন ভাগানের প্রতাপ সিংহকে রাণ পদক্
করণ মানসে চণ্ডাবং শ্রেণীর প্রধান ও মিবারের রাজমন্ত্রী কৃষ্ণ সিংহের নিকট উপস্থিত হইয়া জগংমজের অন্যায় রাজ্য গুহুণের
কথা উল্লেখ করিলেন, তাহাতে সচিববর কহিলেন, মুমুর্ ব্যক্তি যদি
দুগ্ধপানেক্ছা করে, তবে তাহাও প্রদান করা উচিত, ফলতঃ আমি
প্রতাপের পক্ষ, এই কথা কথনানত্ত উচাইয়া ভাষনা রাজসভায়
যাইয়া জগংমজকে সিংহাসনহইতে উটাইয়া ভাষনা রাজসভায়
আসনন ব্যাইয়া কহিলেন, "মহারাজ! আপনার ভুম হইয়াছে,
সিংহাসন আপনার ভুাতা প্রতাপসিংহেরেই অর্হে।" মাতৃল এবং
মন্ত্রীর প্রসাদেই প্রতাপ সিংহাসন প্রাপ্ত। শক্তি বা শক্তা সিংহ
প্রতাপের অগুজ বৈমাত্রেয় ছিলেন।

জন্মভূমি আর নিজ ভাতৃপ্রতিকূলে। আসিয়াছি মদে মেতে ধর্মনীতি ভুলে।। এই ৰূপ তিতিক্ষায় হয়ে দ্ৰবমনা। সলিমে কহিল '' অবধান জহাঁপনা।। আর কারো কার্য্য নছে প্রতাপেরে ধরা। আমি যাই, তাহারে আনিয়া দিব ত্রা॥" এই ৰূপ কৌশল করিয়া বীরবর ৷ যুগল যবন সহ ধাইল সত্তর ৷৷ পথে সেই তৃৰুক্ষ তুরঙ্গীদ্বয়ে নাশি। অনুজসমীপে শক্তি উত্তরিল আসি ৷৷ দুই ভেয়ে দেখামাত্র কোথা থাকে দ্বেষ। পরস্পর আলিঙ্কন, প্রণয় আবেশ।। হায় হায় ভাতৃভাব বুঝে উঠা ভার। কথন কি ভাবে হয় আবির্ভাব তার।। সন্ভাবে শীতল যথা ঊষার তুষার। অভাবেতে যেন কালানল অবতার ৷৷

ধরাসনে চাতক পড়িল সেই থানে। এক দৃষ্টে নয়ন আরোপি প্রভুপানে।। শক্তি দ্বীয় তুরঙ্গ ওঙ্কার নামধর। অনুজেরে অর্পণ করিল বীরবর।। যেই স্থলে চাতক ছাড়িল নিজ প্রাণ।
সেই স্থলে হৈল এক মগুপ নির্মাণ।।
অদ্যাপিও চাতকের চবুতরা নামে।
প্রতিষ্ঠিত আছে দেই হল্দীঘাট গ্রামে।

হাসি ভাতৃপ্রতি শক্তি কহে "এ কি রীতি। রণভূমি ত্যাগ করা কোন্ ক্ষত্নীতি।। হেন কার্য্য যেন ভাই আর নাহি হয়। কুলের অযশ তাহে হইবে নিশ্চয়।। যা হবার হইয়াছে শুন মহোদয়। এখানে বিলম্ব আর সুবিহিত নয় ৷৷" এত বলি হত তুরন্ধীর অশ্বে চড়ি। সলিম সমীপে ফিরে গেল দড়বড়ি॥ কছে " জঁহাপণা পথে প্রতাপের করে। মরিল সর্দারদ্বয় তুমুল সমরে।। মরিল তাহার করে তুরঙ্গ আমার। একা আমি কি করিতে পারি বল তার ॥" শুনি শাহসুত হৃদে করি অবিশ্বাস। শক্তিসি°হ প্রতি কহে মুথে মন্দ হাস !৷ '' রাজপুং ধর্ম নছে অসত্য কথন। কেন রাণাবং হেন কর বিভ্ন্ন।।

সত্য কথা কহ দেখি নির্ভয় হৃদয়। বীর যেই কভু সেই ভীত নাহি হয়।।" শুনি শক্তি কহে যথাযথ সমাচার। " নিবেদন করি ওহে সম্রাট্কুমার।। রাজ্যভারে ভারাক্রান্ত অনুজ আমার। গুৰুভাৱে চঞ্চল চরণযুগ তার !! ভারাক্রাস্ত ভাই যদি ভূমিশায়ী হয়। কেমনে দেখিব আমি, কহ মহোদয় ৷৷ जाज्रहरूथ पृश्यी नरह यह नताथम। বিকল তাহার দেহ, বিকল জনম ৷৷" শুনি কথা সলিম কছেন তাঁর প্রতি ৷ "কহ বীর, ক্তত্মের কি হয় দুর্গতি।। দেশ ত্যজি, ভাতৃ ত্যজি, ত্যজি আত্মজন। দিল্লীর আসনতলে লইলা শরণ।। যে দিল আশ্রয়, কর অহিত তাহার। কহ রাণাবৎ কোনু ধর্মের বিচার ।। অতএব এস্থান তোমার যোগ্য নয়। প্রস্থান করহ যথা অভিফচি হয় ৷৷" কথামাত্র শক্তিসিণ্হ লইল বিদায়। স্বীয় দলে বলে চলে ভেটিতে রাণায়।।

উপহার কর্ণ কিছু দান সমূচিত। কি দিব অনুজে এই চিন্তায় চিন্তিত ॥ চারি দিগে মোগল যুড়েছে অধিকার। মিবারের পূর্বৰূপ নাহিক বিস্তার।। ভইজোর নাম দেশ করিতে উদ্ধার। পড়িল যবনসৈন্যে অনল আকার ৷৷ দুই দিনে দেশোদ্ধার করি মহামার। উদয় উদয়পুরে উদয়কুমার ৷! উদার হৃদয় রাণা পেয়ে পরিতোষ। অগ্রজে দে দেশ দিল সহ রতুকোষ।। অদ্যাপি শক্তির বংশ বিরাজিত তথা। অমূতের থনি রাজপুতনার কথা ৷৷ '' খোরাসানী মূলতানী আগল'' \* আখ্যান। কুলকবি করিলেন শক্তিসিংহে দান !! শুনি শাহ দই ভেয়ে সুথ সংমিলন। ক্রোধে জ্বলে যেন যুগান্তের স্থতাশন।। রাজ্য অধিকার তত মনে নাহি লাপে। শ্যালকের অপমান অন্তরেতে জাগে ৷৷

<sup>\*</sup> এই উপাধি প্রদানের তাৎপর্য এই, যে দুই মুসলমান রাণা প্রভাপের পশ্চান্ধারমান হন, তাঁছারা থোরাসান এবং মুলতান দেশের আমীর ছিলেন।

কবে হবে মিবারের কুলগর্বনাশ। শশদীয় मोमखिनो महिত विनाम ।! কিৰূপে হইবে ক্ষত্ৰকুলের রুন্তন। অনুক্ষণ নানা ৰূপ উপায় চিন্তন ৷৷ দৈববশে একদা শুনিল আক্বর। ভিকানের রাজজাতা পৃথা কবিবর ॥ শক্তিসিণ্ছ সূতা সতী বনিতা তাছার ৷ ৰূপে গুণে অনুপমা রমা-অবতার।। মনে ভাবে পৃথীসি°হ মম অনুগত। দিল্লী-দরবারে কাব্যকলায় নিরত ।। আনিব অন্দরে আমি তার প্রমদারে। দেখিব কেমনে রাণা রাথে এই বারে ।। *স*তী নাম ধ্বের সে রমণী রতুকলা। প্রতাপের ভাতৃসূতা প্রবলা অবলা ।। প্রবলা হউক বালা, জাতিতে অবলা। কত ক্ষণ সহিবেক পুৰুষের ছলা।। ধনের পিপাসা আর প্রভূত্বের আশা। রমণীর ধর্ম কর্ম শর্ম মর্ম নাশা 11 প্রলোভের দাসী তারা, স্তবের কিঙ্করী। ইথে বশীভূত নহে কে আছে সুন্দরী 11

এত ভাবি ষড়যন্ত্র ঠাইরে সআট্। অন্তঃপুরে বসাইব যুবতীর হাট ৷৷ দিল্লীপুরে আছে যত ধনীর গেহিনী। কিবা মহারাজা রাজা মানস মোহিনী ।। কিবা ওম্রা আঁমীর বণিক্ কি সৈনিক। দরবারে নিয়োজিত যাহার। দৈনিক।। সকলে পাঠাবে দারা বেগম-মহলে। नानाक्य वाविका विपाद सह यह ।। গোপনে ভ্রমিব তথা ছন্মবেশ ধরি। নির্থিব নানা নারীনিধি নেত্র ভরি ॥ অবশ্য আসিবে তথা শক্তির নন্দিনী ৷ नीनां कण्यानजामृतन तम निःमानिस्सी ॥ ভাঙ্গিলে রসের হাট রজনীসময়ে ৷ যথন যাইবে সবে আপন আলয়ে ॥ কৌশলে করিব তারে নিজ করগত। সাধিব সকল সাধ অভিমত যত।। ইহা ভিন্ন কেমনে হইব চক্রেশ্বর। এখনো ভারতে আছে এক নরবর ৷৷ প্রভাতের তারা প্রায় এখনো এদেশে ৷ আছে রাণা হিন্দুপতি জয়-অবশেষে।।

বার বার কুটুম্বতা করণ কারণ । তাহার নিকটে কত দূতের প্রেরণ।। করিলাম কত বার তত্ত্র মত্ত্র নানা। কোন ৰূপে বশীভূত না হইল রাণা ৷৷ এ বার কি হবে গতি উনিবে যথন। বিক্রীত নৌরোজা-হাটে তনুজারতন ৷৷ মানের থাকিবে মান নিক্ষণ্টক পথ। এক কার্য্যে সিদ্ধ হবে সব মনোর্থ !! পরদিন দিল্লীপুরে ঘোষণা প্রকাশ। হইবে "নৌরোজা" পর্ব প্রতি মান মাস।। ভাগ্যধর-ভামিনীর বসিবেক হাট। মহলে মহলে হবে নানা ৰূপা নাট।। বিবিধ বিদেশী নারী বাক্য আলাপন। তাহে হবে নবৰূপ ভাষার স্ফল ৷৷ সকল জাতির মধ্যে না থাকিবে দ্বেষ। জানা যাবে রাজ্যের সংবাদ সবিশেষ 11 নারীমুখে কোন কথা গুপ্ত নাহি রবে। সব কথা বাদশার সুগোচর হবে।। শুনি দিল্লাপুরে রদ্ধি আনন্দ উৎসাহ। নভুত নভাবী কীৰ্ত্তি করিলেন শাহ ।।

কিছুমাত্র অবিশ্বাস নাহি কোন ক্রমে ৷ चष्ट्राम नकरन यात्र श्रथ्य श्रथ्य ११ নৌরোজা আমোদমদে মত্ত অবিরত ৷ এই ৰূপে কত কাল হইলে বিগত 11 একদা দিল্লोশ এই চিন্তা করে মনে। হইয়াছে সুসময় সতী-আকর্ষণে ৷৷ সতীর ভাশুর-জায়া ভিকানের রাণী। আগে তারে কোন ৰূপে করতলে আনি ৷৷ প্রগল্পা প্রমদা দেই প্রৌঢ়া প্রৌঢ়মতি । অনায়াসে ভিকানেরী ভিক্ষা দিবে রতি ।। পরে কনীয়সী সেই ৰূপসা সতীরে। সুযোগে আনিয়ে দিবে বিলাস মন্দিরে ।। যথা গৃহপালিত মাতঙ্গ বিচক্ষণ। প্রলোভে ভুলায়ে আনে বনের বারণ।। যা ভাবিল তা ঘটিল রায়মল্ল\*রাণী। আক্বরে দেহ দিল মনে ধন্য মানি ।। নারীধর্ম অমূল্য রতন বিনিময়ে। লভিল অশেষ থনিজাত মণিচয়ে।।

<sup>\*</sup> ভিকানের দেশাধিপতির নাম।

এক দিন সতীরে প্রলোভ দেয় ছলে। কছে " সই এমন দেখিনি ধরাতলে।। অপৰূপ হাট বসে না যায় বৰ্ণন। দেখি শোভা যদি পাই সহত্র লোচন।। কত ৰূপ রঙ্গ, কত ভাষার কথায় ! নাহি মাত্র পুরুষের সম্পর্ক তথায়।। অতি প্রিয়বাদিনী মহিষা যোধাবাই \*। ভুবনে এমন বুঝি চাৰুশীলা নাই ॥ দিল্লীশ্বর দাস সম যাহার নিকটে। পদানত হয় যার পেশোয়াজতটে।। হেন রামা গুণধামা, নাহি অহঙ্কার। সরলতা শীলতার যেমন ভাণ্ডার ।। চল চল চল महे उथा लाय याहै। চক্ষু-কর্ণ-বিবাদ মিটিবে তথা ভাই ॥" জায়ের কথায় সতী পাইল বিশ্বাস। রজনীতে বিবর্ণ কহে পতিপাশ ৷৷ সাধুশীল পৃথীরায় দিল অনুমতি। গুণবতী ভাষ্যাভক্ত নহে কোনু পতি ৷৷

শ মানসিংহের ভগিনী, আকবরের প্রধানা মহিষী।

সতীর সতীত্ব পরীক্ষিত বারে বারে। কার সাধ্য সতীরে অসতী করিবারে 11 অভেদ্য অচ্ছেদ্য সেই সতীত্ব কৰচ। পাপ-অন্তে সাধ্য নাই স্পর্শে তার হচ্।। হাসি হাসি কছে পৃথা "শুন প্রিয়ে সতি। নৌরোজার হাটে যেতে হইয়াছে মতি। ভোমার প্রসরা ভারী থেকো সাবধানে। লুটেরায় লুটে পাছে তাই ভয় প্রাণে ॥ জানি তব পসরা অমূল্য এ সংসারে। কেবা পারে মূল্যদানে ক্রন্ন করিবারে ॥ কিন্তু লুটেরার ভয়ে ভীত মহাজন। নির্ঘাত বজের প্রায় তার আক্রমণ ॥" শুনি স্মিতমুখা সতা নতমুখে কয়। " হাটে বাটে যে জব্যের মূল্য নাহি হয়।। হেন দ্রব্য পুষে কেন রাখা চিরকাল। লুটেরায় লুটে লয় সে বরং ভাল ॥" কথা শুনি কবি ফুল্ল মানস-সরোজে ৷ জায়ারে বিদায় দেন যাইতে নৌরোজে॥

ইতি দ্বিতীয় সর্গ।

## তৃতীয় সর্গ।

কিবা অপৰূপ শোভা নাগরীর হাট। নভূত নভাবী কীৰ্ত্তি করিল সআট্।। বিবিধ কুসুম যেন কুসুম-কাননে। কুসুম-সময়ে হাসে প্রফুল আননে।। কোন পুষ্প প্রভায় প্রকাশে পরিপাটী। শুন্য থেকে তারা কি আইল পুষ্পবাটী।। কোন পুষ্প লালিত্য রসের চাৰুধাম। ভানুকরে স্লানমুখ হয় অবিশ্রাম 🛭 ।৷ কোন পুষ্প কষিত কাঞ্চন কান্তিধর। কাৰু বৰ্ণ যেন সুশীতল বৈশ্বানর।। কেছ শোভে নবীন নীরদরেখা প্রায়। কেছ বা তৃষার-ছবি অমলিন কায়।। নহে স্থির ছোট বড় ৰূপের বিচারে। এ বলে আমায় দেখ, ও বলে আমারে॥ যার দিগে পড়ে দৃষ্ঠি, তারি দিগে রয়। পালটিতে পলকেরে প্রমাদ নিশ্চয় 1। কাছার সৌরভে মন প্রাণ করে চুরি। নয়নেরে দাস করে কাহার মাধুরী।।

এই ৰূপ নানা দেশজাত নানা নারী ৷ বসাইল মণিহারী মুনিমনোহারী।। কোন নারী গার্জিয়া \* নাম দেশে জাতা। জনমিয়া জানে নাই কেবা পিতা মাতা।। কুমার কুমারকালে পরকরগত। বিক্রীত শরীর পণ্য পুতুলের মত।। ইস্তাম্বলে ক্রয় করে যত বিলজ্জিত। অনঙ্গ যজের বলি স্বৰূপ সজ্জিত।। বড় **ৰূপে** বড় মূল্য হয় ডাকাডাকী। দক্ষিণা দীনার দানে নাহি রাথে বাকী।। ধিকৃ ধিক্ ডবিণাশা দুরিত এমনি । অপত্যের স্নেহ ছাড়ে জনক জননী ৷৷ ধিক্ পুষ্পশরাহত পামরনিকরে। যুবতী জাতিরে যারা পশু-জ্ঞান করে।। বসিয়াছে বিলাতীয় বরাঙ্গনাগণ। শিশির-সময়ে যথা সরোজকানন।। ৰূপ বড় বটে কিন্তু লাবণ্যবিহীন। পিঞ্জরে কোথায় সুখী বনের ছরিণ।।

জর্জিয়া দেশের পার্ন্য নাম।

নানা ভোগ রাগ বটে দিল্লা-অন্তঃপুরে। কিন্ত তাহে মনের মানস নাহ্নিপুরে ॥ शेतक मुख्य शाम, (श्यमार्थ वाम। সারিকা তাহাতে হুদে লভে কি উল্লাস।। না বসিলে নয় তাই বসিয়াছে হাটে। মনোদৃঃখ আবরিয়া কাপট্য-কপাটে।। বিদয়াছে আরাগন প্রদেশের নারী। অপাক্ষের শরে পঞ্চশর মানে হারী।। স্বৰ্ণ চিক্ৰ চিকুর ক্মনীয়া। বসিয়াছে রোমক রমণী রমণীয়া 11 আরক্ত কপোল কিবা প্রকাশে প্রভায়। গোলাৰ ত্যজিয়ে অলি তার দিগে ধায়।। বিস্ফুরিত বিপুল বিনোদ কলেবর। যুগল মরালবর চাব্দ পয়োধর ৷৷ হৃদয় সুরস সরোবরে মোদমান। লোহিত চূচুকপুট চঞ্চুর সমান।। বসিয়াছে আর্মানী গত আর্মান। মোগলমন্দিরে কোথা থাকে আর মান।। মস্তকে মুকুট ধরা অমরা-আকার। অক্টের আভায় হারে রতু অলঙ্কার ৷৷

विमश्राष्ट्र शिङ्गी व्यवना मृश्रवना। রসিকা রসনা, ছলা কলায় চঞ্চলা !! অলকে ঝলকে হেমমুদ্রা থরে থরে ৷ বিজড়িত মুক্তামাল স্তনপরিসরে 🛭 বসিয়াছে ইরাণী তুরাণী কত আর। কি বর্ণিব বিশেষ বর্ণন করা ভার ৷৷ সহঅ সহঅ নারী অপ্সরী-আকার। দেশে দেশে বাছিয়া এনেছে সার সার।। যথা নানা দেশীয় কুসুম বিমোহন। শোভা করে পাদৃশার প্রমোদকানন।। কিন্তু কহ কেবা নাহি জানে এই কথা। বিদেশীয় পুষ্প নহে হাস্যমান তথা ৷৷ কুষ্কুম কিঞ্জল্ক কভু মালবে না হয়। কাশ্মীরেতে দেব-পুষ্পা কভু জাত নয়।। স্থানভ্রস্ত হল্যে আর শোভা নাহি রয়। বিদেশের বায়ু তার আয়ু করে ক্ষয়।। অতএব নিসর্গের বিপরীত এই ৷ যে করে এমন কাজ দুরাচারী সেই।। বসিয়াছে তার কাছে মোগলমোহিনী। কামের কামিনী কিবা চাঁদের রোহিণী।।

প্রফুল দাড়িমী সম লোহিত অধর। মাদকে ঘূর্ণিত-প্রায় আঁখি ইন্দীবর ৷৷ **जूवर्ग युष्युत शर्म वार्र्ड शर्म शर्म ।** বিষদ মেছেদী রাগ করকোকনদে ॥ ঝলমল পেশোয়াজ টলমল কায়। আতরেতে তর করে যেখানেতে যায়।। জরীতে জড়িত বেণী বিনোদ ব**ন্ধন।** মেঘে যেন সৌদামিনী দেয় দরশন।। মানমদে মাত্য়ালা গুমান গ্রুবে ৷ হীন হেন বোধ করে অন্য নারী সবে।। রাজ-রাজেশ্বর পতি পৃথিবী প্রধান। মোগলের পদানত সব হিন্দুস্থান।। যতেক আমীর পত্নী অহঙ্কারে ভোর। অন্যদেশী অবলারা যেন সবে চোর।। বিনোদ আরাম সেই শোভার ভাগুার। স্থানে স্থানে পড়িয়াছে বক্সের কাগুার।। রেশমী পশমী থোপ মুকুতার ঝারা। চন্দ্ৰাতপে শোভে কচ সুবৰ্ণের ভারা।। মাধবীমগুপমাঝে কোন মনোরমা। বিশিয়াছে নাজায়ে পদরা অনুপনা।।

কনকরঞ্জিত পত্রে লিপি মনোহর। প্রেমময় কবিতা গীতিকা তর তর ৷৷ নস্তালিক প্রভৃতি হরক হরবীজে। বেড়া তায় হীরক পল্লব সরসিজে !! কোথা রত্ন-শিলাময় বহিছে ফুহারা। উপরিছে গোলাব বাসিত বারিধারা।। তারতলে মণিময় কমলের দলে। নানা রক্তে থেলে নানারজী মীনদলে।। সকরহইতে আনা সুবর্ণ শকর। তার সহ থেলে মীন নীলনিভাধর !! যেন ক্ষুদ্র মেঘমালা গগনে বিস্তার। অস্তগত ভানুকরে শোভা চমৎকার ৷৷ উঠিয়াছে সর্\* তব্ত নির্বের কাছে। তার তলে কোন রামা পদরা দিয়াছে।। বিহন্দ পদরা তার পিঞ্জরে পিঞ্জরে ৷ পড়িতেছে কাকাতৃয়া সুগভীর স্বরে ৷৷ বএদ বলিছে তোতা বিনাইয়ে কত। শুনিতেছে হীরামন শির করি নত।।

<sup>\*</sup> देश्द्राकी कारेट्राज कृष ।

ওম্রা শুনিছে যেন মৌলবীর বাণী। বিবী সাজে লোৱী আসি করে কাণাকাণি।। क्रवार क्रवार विव जारक क्रिश्चव। হোসেন্ মরিল যেন করি জল জল ৷৷ বুল্ বুল্ হাজারা হাজার ছাড়ে তান। একেবারে কেড়ে লয় মন আর প্রাণ।। প্রমদে পাপীহা পাথী পিউ পিউ রটে। বিয়োগী বিয়োগ ব্যথা বৃদ্ধি তাহে বটে।। কুহুকুহু মুহুর্মুহুঃ ডাকে পিকবর। ললিত পঞ্চম স্বরে সরে পঞ্চশর।। বলিছে বিবিধ বোলী মদন-সারিকা। ঘটকের মুখে যেন মিশ্রের কারিকা।। পুষিয়াছে পারাবত নানাৰূপ সাজ। সেরাজু লোটন লক্কা মুখ্থী গিরবাজ।। প্রবয়ের দৃত-কার্য্যে পটু বিলক্ষণ। চঞ্পুটে লিপি লয়ে করয়ে বছন।। আর সেই বিহঙ্গ চতুর চূড়ামণি। ইক্সিতে হরিয়ে আনে নায়িকার মণি 11 নিকটে দাঁড়ায়ে মেঘপ্রির মেঘনাদ। পুচ্ছে যার শোভিত হাজার স্বর্ণ চাঁদ।।

আর এক নারী বসে বকুলের মূলে ! সাজাইয়ে আপন আপণ নানা কুলে ॥ ফুলের স্তবক গুচ্ছ তোরা ভাতি ভাতি। মল্লিকা মালতী যূথী নাগেশ্বর জাতি।। কামের করাত তাক্ধ কুসুম কেতকী। কুৰুবক ভূচম্পক পুন্নাগ ধাতকী ॥ কুমুদ কহ্লার আর কেশর কন্তুরা। কামিনী স্বৰূপা সেই কামিনী ভঙ্গুৱা ॥ বস্রার গর্ব-পর্ব গোলাব সুন্দর। পুষ্পরাজ্যে কেবা আছে তাহার সোসর।। মালিনীর প্রায় ধনী পুষ্পবিভূষণা। দোনায় দোনায় ভাগা দেয় সুবদনু।। গাঁথিয়াছে ফুলময় হার শতেশ্বরী 🎏 ফুলচন্দ্রহার আর ফুল-সাত-লরী।। ফুলময় বলয় বিজটা কর্ণফুল। कृलमय जूजवन कृलमय मूल।। कृ लगशी वाकनी कृत्लत मध जात। ফুলময় ঝালর শোভিত চারি ধার।। ফুলময় আসন বসন বিভূষণ। রচিয়াছে ফুলময় কাঁচলীকষণ।।

কি কল করিল ফুলে কুমার সুন্দর। এ মালিনী পারে তারে শিখাতে সুন্দর !! কাজ কি ফলেতে লেখা কাব্য রসময়। প্রতি পুষ্পে মনোভাব দেয় পরিচয়।। জ্বলিতেছি বহু দিন প্রণয় অনলে ৷ রঙ্গণ সে ভাব ব্যক্ত করে বন-স্থলে ।। অধীরা অবলা আমি চাহি হে আশ্রয় ৷ চতে আলিঙ্গন দিয়ে মাধবিকা কয়।। অন্তর অসার মুখে কথার করাত। কুলটা কেতকী করে পুষ্পাবন মাত।। অশোক অশোক ভাব প্রকাশিছে কিবা। মধুর মধুর মাদে হাদে নিশা দিবা।। প্রথর প্রভাব নাহি সহে কলেবরে। कूगू रिनी चारमारिनो हिमकत करत।। পর পরশনে স্লান, সলজ্জনীলতা। আ মরি কি ভাব ব্যক্ত করে লজ্জালতা।। এই ৰূপ প্ৰতি পুষ্পে প্ৰকৃতির লীলা। মানুষের মনোভাব ৰভাব লিখিলা।। দম্পতীর প্রেমালাপ সাধন কারণ ৷ কত ৰূপ হার ধনী গাঁথিছে শোভন।।

কেলিশৈলে সুরাগৃছে অপর তৰুণী। পসরা সাজায়ে বেচে বিবিধ বাৰুণী।। সুবর্ণ সুবর্ণধরা সিরাজী মদিরা। পানমাত্র দোলে গাত্র সুধীরা অধীরা।! গোস্তনীর গর্বজাতা লোহিত বরণী। রসাইল রসদানে নিথিল ধরণী ৷৷ চষকে চষকে চাৰু শোভা চমৎকার ৷ মোহিনীর পুনঃ কি হইল অবতার ।। অসুরের ক্ষোভ শান্তি করিবার তরে। সুধা বুঝি জনমিল ডাক্ষার উদরে।। হেন অপৰূপ শক্তি কে রাথে সংসারে। দূর করে সকল সন্তাপ একেবারে ।। पृश्यज्ञा थ्वा-पृश्य विशास विस्र। নন্দন-কানন সুথ অনুভূত হয়।। বসিয়াছে তার কাছে আর এক নারী। নানামত সুমধুর কলের পদারী।। সুরঙ্গ নারজ করে সৌরভে আকুল। জামীর সভায় যার নবরক্ষ কুল।। चात (महे ठाक कल वीक्पूत नाम। ক্লপয়োধর তুল্য শোভা অভিরাম ॥

এমনি প্রচুর রস ধরে কলেবরে। मग्र इरेल शर्त जाशनि विषय ॥ রাথিয়াছে আর কত মত ফল মূল। তলে তলে বিনিময় লয়ে বহু মূল ॥ আর এক নারী বেচে গল্প মনোহর। অগুৰু চন্দন চূয়া কুন্দুৰু কেশর।। कालीयक कूक्ष्म कर्ण्त कखुतिका। মধুযন্তি চন্দৰুষ আর মধুরিকা।। তর তর আতর অসীম শক্তি তার। রতি তরঙ্গিনী তরণের সে আতার।। शांक्षी मन्मनो यूशे शानावी ठारमनी। মোতিয়ার আমোদে মদন করে কেলি।। মজাভরা মজ্মুয়া মধুর রচনা। তিলে তিলে যেন তিলোত্তমার সূচনা।। किष्ठुरे जालन नरह लद्रथरन धनी। অথচ শৌরভ আর গৌরবের থনি।। বসিয়াছে বণিক বনিতা বরাননী। সাজাইয়া বিধিমত নিধির বিপণী।। সূর্য্যকান্ত, প্রভাকর প্রভা প্রতিযোগী। ठम्पकास, यादत हूँ ता नीवन विद्याशी।। পদারার্গ, পুষ্পরাগ, ইন্দ্রনালোপল। মরকত, গোমেদক, হীরক উজ্জ্বল 🛚 ।। বৈদ্র্য্য বিখ্যাত মণি বিদর্ভে বিজাত। পাকা বদরীর মত মুকুতা বিভাত।। সর্ব রত্ন গর্ব থর্ব বেণেনীর কাছে। তার ৰূপ প্রতিভায়, হারি মানিয়াছে।। পদ্মরাগ হতরাগ অধর নিকটে। গণ্ডে হেরি প্রবালের প্রভা কি প্রকটে ।। নয়নের নীলিমায় হারে ইন্দ্রনীল। দন্তদ্যতি দেখি মুক্তা পরাস্ত মানিল ৷৷ আর ধারে এক রামা নিবাস বসরা। কৌষেয় রাঙ্কব বস্ত্রে দিয়াছে পদরা।। মুকুতা জড়িত চোলী কাঁচলী কাক্তান। ঝক্মক তারকস্ অতি দীপ্তিমান্।। রবি শশী ছবি আলোহিত মথমল। চীনজাত সুচীন শাটীন নির্মল 🛭 বিশালা দোশালা জুরা জেগা জামেয়ার। গল্বৰ কটাবৰ প্ৰকার প্ৰকার।। চিকণের চিকণায়া চাব্রু চন্দ্রিকায়। नयन निष्णम अना मिर्ग नाहि थाया।

মথন মথন করে প্রকৃতির জারি। ধন্য ধন্য সূচিকার যাই বলিহারি॥ ধন্য কাশ্মীরের তাঁত তোমার গৌরব। অদ্যাবধি শ্বেত শিণ্পী মানে পরাভব।। আর এক নারী বেচে কার্পাদের বাস। বেশে দেয় পরিচয় ঢাকায় নিবাস ৷৷ বিমল বারির সোত নাম আব্রোয়া। পুরাথান বংশবিলে সুথে যায় থোয়া।। অনুপম শব্নম সৃক্ষা অতিশয়। নিশীর শিশিরে যাহা দৃশ্য নাহি হয়।। বিবিধ বিচিত্র পুষ্পদাম বিথচিত। জাম্দান কাম্দান রমণী রচিত।। মজায় বিলীন সেই বুক মজ্লীন। সন্তানক কুসুম স্বৰূপ অমলিন।। শাবাশ্ শাবাশ্ তোরে ঢাকা জনপদ। শিপ্প চাতুরীতে তোর অতুল সম্পদ্।। পরাভূত সবে ৰটে কৈল বাম্পকল। কিন্তু জয়ী তব শিস্প-চাতুৰ্য্য, কৌশল।। এই ৰূপ নানা ৰূপ লইয়ে পদরা। বসিয়াছে পুষ্পাবনে যত মনোহরা ৷৷

এক খারে যত সব রাজপুতদারা। অমরী কিন্নরী পরী অপসরী আকারা।। ইন্দু ভানু রুষাণু কুলেতে অবতার। ৰূপের ছটায় সত্য সাক্ষ্য দেয় তার।। মোগলের মন্ত্রে মজি হেঁট চন্দ্রানন। ভাতিহীন ভক্ষে যথা দৃশ্য হুতাশন।। অথবা শ্যেনের করে কপোতিকা প্রায়। সশঙ্কিত ভাতচিত শীহরিত কায়।। কার ভাগ্যে কোনু দিন কি হয় ঘটনা। অবিরত অন্তরেতে ইহাই রটনা।। ভিকানের ভাবিনীর সতীত্ব ভঞ্জন। চৌহান কুলেতে কালী-গঞ্জন-অঞ্জন ৷৷ অনেকেতে জানিয়াছে সেই সমাচার। ভয়ক্রমে আলাপন নাহি করে তার ৷৷ নিদাঘ-নীরদ মত নাহি বরিষণ। श्रृ त्रव कड्ड व्यं ठ, नरह शत्रक्षन।। হেনকালে ভিকানের ভাবিনী যুগল। উদয় হইল যেন জ্যোতির মণ্ডল।। প্রগল্ভা প্রথমা যেন প্রফুল্ল কমল। প্রকাশিত বিস্তারিত পল্লব সকল।।

বিতরিত মকরন্দ রূপণতাহীন ৷ দানে দানে ভাগুার হয়েছে কিছু ক্ষীণ।। কিন্তু যাহা আছে শেষ তার লালসায়। किन उडिंग बनीकृन (मरे रिर्ग श्रा ।। দিতীয়ার ৰূপ সহ কি দিব তুলনা। যৌবনের উপক্রম ললিত ললনা।। হাটেতে বসিয়েছিল হাজারে হাজার ৷ সাজাইয়ে নিজ নিজ ৰূপের ভাণ্ডার ৷৷ मठीत উদয়ে मर्व इरेल मिलनी। बिक्न महत्म यथा श्रामाय निनी।। বিচিত্র ভাবিল ৰূপ করি দরশন। নিজ নিজ ৰূপে ধিক মানে নারীগণ।। नानारम्भी त्रम्भीत भर्व हिन जाती। পূর্বচেয়ে পশ্চিমের ৰূপবতী নারী।। म शर्ब इडेल थर्ब मजीत निविध । কছে কোন বরাননা সম্বোধিয়া স্থা।। আহা মরি একি হেরি ৰূপের মহিমা। কি দিয়ে গড়িল বিধি এ চাৰু প্ৰতিমা।। लावना वर्त्राय यान याहेरह कारामी। যত ৰূপ-গৰিতার মুখে দিয়ে মসী।।

হায় এরে হেরে শাহ হইবে পাগল। एइत प्रथ आनग्रथी महिरीमधन।। য়খন দেখিবে যোধা এই যুবতীরে। তথনি তাহার বক্ষঃ ফাটিবে অচিরে॥ যে জানে সন্ধান সেই করে কাণাকাণি। বলে কি রাক্ষ্সী এই ভিকানের রাণী।। অবলা অথলা এই সরলা ৰূপসী। শৃশদীয়া সিন্ধুজাত অকলঙ্ক শশী ৷৷ ইহারে এনেছে ছলে নৌরোজার হাটে। পরশিরে বাজ মারি ত্ষিবে সম্রাটে।। ডিক্কিনী রক্কিনী এই শব্ধিনী পামরী। ধিক্ ধিক্ ধিক্ মায়াবিনী নিশাচরী।। **এই क्रश** कांगाकां विश्व नाती परना হেন কালে তপন চলিল অস্তাচলে।।

**ই**তি তৃতীয় **স**র্গ।

## চতুর্থ সর্গ।

কিবা শোভা অপৰূপ হেরি দিল্লীপুরে। নির্থি নয়নযুগ তমঃ যায় দূরে।। ইল্রের অমরাবতী বিরাজে গগনে। নরের অসাধ্য তাহা নির্থে নয়নে।। বুঝি বিধি সেই ক্ষোভ হরণ কারণে। ইন্দ্রসভা প্রতিক্ষতি আনিল ভূবনে॥ এই হেতৃ পূর্বে ছিল ইন্দুপ্রস্থ নাম। জগতে বিজয়ী পঞ্চ পাণ্ডবের ধাম।। জগতের যত কীর্ত্তি সকলি ভঙ্গুরা। তথাপি অদ্যাপি দৃশ্য দিল্লীর কঙ্গুরা।। হিন্দু আর সারসেনী কীর্ত্তির প্রকাশ। ভয়াল বিদ্রোহ-কালে না পাইল নাশ।। গগনপরশী শুম্ভ পাষাণে রচিত। দেহে তার রতুময় চিত্র বিথচিত।। কোথা সেকেন্দর সহ দারার সমর। বিলেখিত ইষ্টকার বিচিত্র নগর ৷৷

কোথায় ৰুন্তম বীর প্রকাশে বিক্রম। পুত্র সোহরাব সহ বিগ্রহ বিষম।। কোথায় তৈমুরলঙ্গ চতুরঙ্গ দলে। অগণিত অরি-দেছোপরি দলে বলে।। কোথায় লিখিত রৌশ্নক গুণধামা। হেন চিত্রভঙ্গী যেন কথা কহে রামা।। কোথায় জেলেখা যুসকের প্রেমলেখা। কি ক্ষণে মিসরপুরে হয়েছিল দেখা।। কোথা लय़लात প্রেমে মজ্নু মগ্ণ। কি লগণ্ আ মরি কি মনের লগণ্।। আদিরস বীররস পৌৰুষ প্রধান। এ জগতে এই দুই সুথের আধান।। প্রেম ছাড়া বীর কোথা, বীর্য্য ছাড়া প্রেমী। ধুরা ছাড়া কভু স্থির নহে চক্রনেমি।। প্রবেশে নিগম-পথে \* দৃশ্য মনোহর। প্রকাণ্ড পাষাণময় যুগ্ম বীরবর।। যুগল তুষ্ণরোপরে সমর-ভঙ্কিম ৷ প্রক্রনয়নপত্ম ইষৎ রক্তিম।।

<sup>\*</sup> নিগমদু ইতি অপভূৎশ।

বিনয়ে পথিক জিজ্ঞাসেন সমাচার। " কহ দিজ সেই দুই প্রতিমা কাহার।।" শুনি বাণী কথকের লোমাঞ্চ শরীর। কহিতে সে কথা নয়নেতে বহে নীর।। কহে, "হে পথিক দেখ নাই কি এ দেশে। যরে যরে লেখা সেই দুই বীর-বেশে।। জয়মল নামখর তার এক বীর। উজ্জ্বল করিল সেই জননীর ক্ষীর ৷৷ রাঠোর ব°শীয় বীর বেদনোর-পতি। কুলকুবলয়ে সুধাকর মহামতি।। চিতোরের তিজোশকে\* বীরত্ব তাহার। স্বকরে ছেদিল শত্রু হাজারে হাজার।। অন্যায় সমরে তারে মারে আক্বর। আগন্তক গোলাঘাতে হত বীরবর।।

<sup>\*</sup> চিতোর দুর্গ বারত্রয় মুসলমানদিনের দারা আক্রান্ত হয়, প্রথমতঃ আলাউদ্দীন পাঠান ভামসিংহের সহিত যুদ্ধোপস্থিত করে, তাহা মিদর চিত পদ্দিনী উপাখ্যানে বিনাক্ত আছে, দিতীয়তঃ, বেয়াজীদ নামক ঘোরতর পরাক্রান্ত বার কর্ত্ত তাহা আক্রান্ত হয়, এই বেয়াজীদকে ইউরোপায়েরা বাজাজেট কহেন, তৃতায়তঃ আক্রবর কর্ত্ত চিতোর আক্রান্ত হয়়। সর্ক্ষান্ত হয়, এই তৃতায় আক্রন্ত কর্ত্ত চিতোর আক্রান্ত হয়। সর্ক্ষান্ত হয়, এই তৃতায় আক্রন্ত কর্ত্তরা 'চিতোর বা তিজোশক' কহেন।

य वन्द्रक मितन भृतिन छन्धाम। " সংগ্রাম " বলিয়ে শাহ রাথে তার নাম !! নিজ গ্রন্থে গুণ তার গায় বারে বারে। প্রতিমূর্ত্তি আরোপিল দিল্লীপুরছারে ॥ দ্বিতীয় প্রতাপ নামা, চণ্ডব°শ জাত। জগবৎ শ্রেণীর ঠাকুর সুবিখ্যাত।। ষোড়শ বর্ষীয় শিশু সি°ছের সোসর। চিতোর দুর্গের দ্বারে ত্যঙ্গে কলেবর ॥ ক্তিপয় দিন পূর্বে জনক তাহার ৷ রণক্ষেত্রে যোর যুদ্ধে পাইলে সংহার <u>৷</u> জননী কুমার প্রতি করিল আদেশ। পিতৃবৈর শোধে ধর অরুণিত \* বেশ।। পুত্রে পাঠাইয়ে সেই বীরপ্রসবিনী। কৃষ্ণুম রঞ্জিত বর্ম পরিল ভাবিনী।। সাজাইল বধূরে বিবিধ প্রহরণে। महहती मरन वरन প্रবেশিল রণে।। প্রাণপ্রিয়তমা আর আপন জননী। সমর-তরক্তে দেহ ঢালিল যথনি।।

রাজপুৎদিগের যুদ্ধবাদ লোহিত রক্ষে রঞ্জিত।

জীবনের আশা ছাড়ি প্রতাপ তথন। মোগল সহিত আরম্ভিল যোর রণ।। সেই সেনা মন্ত মাতিঞ্সনীর সমান। চালাইল শিশু বীর ধীমান এমান ।। স্বপুরে হইল হত রাণার কল্যাণে। অদ্যাপি তাহার গুণ গীত নানা গানে।। সেই দুই বীরেন্দ্রের প্রতিমা ভীষণ। অদ্যাপি দিল্লীর দ্বারে আছে সুশোভন।। বীরের সন্মান জানে বীর যেই জন। আক্বরে ছিল এই উদার লক্ষণ।।" রবি শশী উপহাদে সিংহদারচূড়া। অদ্যাপি নহিল কাল-দশনেতে গুঁড়া।। কিছার রাবণপুরী দিল্লী-তুলনায়। প্রবেশিতে কেঁপে যায় ক্লতান্তের কায়।। কত কাণ্ড কি বর্ণিব ব্যর্থ আকুঞ্চন। কত দেশে কত কবি করিল বর্ণন।। তিন ধারে সুগভার পরিথানিচয়। कलिय-नियनी तरक अक थारत यश।। লোহিত উপলে বপ্রবৃাহ বিরচিত। স্থানে স্থানে পুঞ্জ পুঞ্জ কুঞ্জ সুশোভিত।।

নৌরোজার দিনে ঘোর ঘটা আড়ম্বর ৷ দেবানী-আমেতে • বার দিলা আক্বর ৷৷ কিবা সেই সি°হাসন মণি-বির্চন। অলক্ষিত বাসব বিরিঞ্চি বিরোচন ৷৷ কুবেরের ধনে তার মূল্য নাছি হয়। মহেন্দ্ৰ স্বৰূপ শাহ তাহাতে উদয়।। প্রসন্ন প্রসন্নতর উন্নত ললাট। যেন তাহে লেখা পাঠ ধরা-রাজ্য-পাট।। হোমাপুচ্ছ গুচ্ছ গুচ্ছ কিরাটে কলিত। মুখে তার বিন্দু বিন্দু ছীরক কলিত।। ললিত লুলিত লোল পবন হিল্লোলে। বারি-বিন্দু দোলে যেন তৃষারের কোলে।। বসিয়াছে ওম্রা আমীর মীরগণ। রাজা মহারাজা বড় বড় মহাজন।। সুকবি সুধীর বক্তা পশ্তিত গায়ক। মিয়া-তান-সেন আদি বিবিধ নায়ক ৷৷ কোথায় সঙ্গীত বাদ্য সুরস লছরী। জনগণ মন প্রাণ জ্ঞান লয় হরি ৷৷

শাহজঁহার নির্মিত দেবানী আম য়তয়। আক্বরের সময়েতেও
 উক্ত নামধেয় প্রাসাদ ছিল।

কোথায় তর্কের সিন্ধু তরক্বিত হয়। ন্যায়েতে অন্যায় ঘটে, বিতপ্তার জয়।। খ্রীষ্টিয়ানী হিন্দুয়ানী মুসল্মানী লয়ে। মিছে বাদ বিবাদ সময় যায় বয়ে।। বালকের দ্বন্দ্ব মত নাহি আগা গোড়া। জ্ঞানী হাসে বলে ধর্মনাশে যত গোঁড়া ৷৷ এক দিগে মল্লযুদ্ধ মহা মালসাট্। আর দিগে হইতেছে ভেড়য়ার নাট।। আর দিগে মাতঙ্গে মাতজে ঠেলাঠেলী। আর দিগে রণসজ্জা চমূচয় মেলি ৷৷ আর দিগে তুরঙ্গে তুরঙ্গী শোভমান। দেখাইছে হয়শিক্ষা বিবিধ বিধান ৷৷ এত যে কৌতুক কাণ্ড একের কারণ। কিন্তু তার অন্তরেতে জ্বলে হুতাশন।। কিছুতে না হয় স্থির, মানস অস্থির। বুঝিতে না পারে ভাব খোস্ক আমীর।। পার্শ্বে এক ক্ষুদ্র দার আছে সুশোভন। সেই দিগে আরোপিত শাছের নয়ন।। উচাটন অনুক্ষণ যন ঘন চায়। ক্ষণ বোধ হয় যেন যুগান্তের প্রায়।।

ভানু যায় অন্তগিরি, প্রদোষ আগত। বহে ধীর বায়ু বিরহীর শ্বাসমত।। বিরহীবাসনা সম শশধর-রেখা। প্রাচী-শিরে অচিরে আসিয়ে দিল দেখা।। হেনকালে উদ্যাটিত হইল সে দার। বাহির হইল আসি থোজার সর্দার।। পরিণত জম্বু প্রায় অসিত বরণ। **मीयल व्यामान वक्, मीयल ठ**র्ग ॥ শালুক সমান খেত নয়নযুগল। হনুমত মত সমুন্নত গণ্ডস্ব।। মেষলোম সম কেশ কুটিল বিশেষ। अधायत यूराल कमली ममारवना।। কটমট বিকট দশন পরকাশ। হিয়া কাঁপে হেরি সেই হব্শীর হাস।। ইক্সিত করিল খোজা থাকিয়া অন্তরে। দরবার ভাঙ্কি শাহ চলিল অন্দরে।। গুপ্ত পুহে কহে খোজা "শুন জঁহাপনা। আনিয়াছে পুরী মাঝে সতী সুবদনা।। সেৰূপ স্বৰূপ কথা কি কহিব আমি। হেন নারী দেখ নাই হে ধরণীয়ামি।।

ক্লীব আমি নির্থি মোহিত মন মম। সে ৰূপেতে মুখা হয় স্থাবর জন্ম !! তার সমতুল নাই তোমার আগারে। চল জহাঁপনা ত্বরা হেরিতে তাহারে ৷৷" কি বেশে যাইব তথা ভাবে দিল্লীপতি। কোন ৰূপে সংশয় না করে মনে সতী।। সাত পাঁচ চিন্তা করি ধরে যোগীবেশ। পরিহরে রাজবেশ ভূষণ নরেশ ৷৷ শিরে ধরে জটাভার ধরণীচুম্বিত। পরিহিত মুগচর্ম আজানুলম্বিত ৷৷ ভস্ম বিভূষিত কায় তুষার বরণ ৷ প্রচুর ৰুদ্রাক্ষমালা কণ্ঠে আভরণ।। ললাটে ত্রিশূল চিহ্ন লোহিত চন্দনে। मूर्थ क्ष्रवर्ण गीठ बाषक वन्द्रता। করেতে ত্রিতন্ত্রী বীণা বিনোদ ঝঙ্কার। নানা সন্ধ্যা রাগিণীর হয় অবতার ।। অপৰূপ ছদ্মবেশ বলিহারি যাই। সাজিল মোগল ভাল গুণের গোঁসাই।। কে বলিতে পারে তারে যবনাধিপতি। মহেশ স্বৰূপ মনোহর সে মূরতি।।

**(एवानी-शांत्मराठ माह यात्र शीरत शीरत)** মুখে শিব রব, হৃদে ধিয়ায় সভীরে ৷৷ হোথা শুন সমাচার, প্রধানা মহিষী। कर्ल छरन याथा वाङ्गे कमनाममुनी ।। পিতা ভ্ৰাতা ধনলোভে মোগলে অপিতা। কিন্তু রাজপুত্র-কুল-দর্পেতে দর্পিতা।। বিবিধ সন্ধানে জানি শাহের ছলনা। সতীর সতীত্ব রক্ষা চিন্তিল ললনা ৷৷ বড় বড় ক্ষত্রিসুতা দিল্লীশ্বরে ডালী। কোন ৰূপে রাণাকুলে নাহি পড়ে কালী।। বিশেষে রমণী-মনে অভিমান রাজা। ৰূপগৰ্ব সিন্দুৱেতে মন মণি মাজা।। মনে ভাবে সতী পেয়ে মত্ত হবে শাহ। তার প্রতি ধাইবেক প্রণয়প্রবাহ।। আমার প্রভুত্ব আর থাকা হবে ভার। জাতি দিয়ে লাভ মাত্র কুলের থাকার।। এই বেলা করি তার উপায় চিন্তন। বিষ বল্লা অঙ্কুরে উচিত নিরুন্তন।। গুনিতে পাইল শাহ যোগীবেশ ধরে। আপনি যোগিনী বেশ পরিধান করে।।

পরিহরি পেশোয়াজ, রক্তপট্ট শাটী। পরিল প্রমদা, তাহে শোভা পরিপাটি ॥ ত্যজি মুগমদ-মিশ্র-অগুরু চন্দন। মুখেতে ধরিল ধনী বিভূতি ভূষণ।। আলুয়িল চাৰুবেণী, লোটাইল ধরা। মণিময় অলঙ্কার ত্যক্তে মনোহরা।। এক কর কমলেতে ত্রিশুল বিরা**জে** ! অন্য করে জপমালা অপৰূপ সাজে 11 সহচরীগণ খরে সেই ৰূপ বেশ। দেবানী-খাদেতে আসি করিল প্রবেশ।। দেখে শাহ বসিয়াছে এক তৰুতলে। যেরি তারে দাঁড়ায়েছে নারা দলে দলে।। কোন রামা দেখাইছে আপনার কর। কর ধরি ভূত ভাবী কহে যোগীবর।। কারে বলে অচিরে হইবে পুঞ্রবতী। কারে বলে প্রবাসে রয়েছে তব পতি।। স্বরায় আসিতে পারে যদি ইচ্ছা করে। কিন্তু পড়িয়াছে বাঁধা, পরকীয়াকরে॥ কারে বলে পতির সোহাগ তৃমি চাহ। পরে হরে তব ধন, তাহে অল-দাহ !!

পতিরে কিরাতে যদি থাকে প্রয়োজন। সন্ন্যাসীরে দেহ কিছু পূজা-আয়োজন।। দিল্লীতে অধিক কাল আমি না রহিব। আমার কুটীরে যেও ঔষধ কছিব।। কারে কহে তোমার সতীনে বড় রোষ। কিন্তু যদি কথা শুন, থপ্তিবেক দোষ।। নিত্য নব নব বেশ করিয়া ধারণ ৷ করিবে প্রদোষে ছাদে চরণ চারণ ৷৷ সে ভাব দেখিয়া যদি কান্ত কাছে আসে। দাররোধ তথনি করিবে নিজবাসে।। জনমিয়া দিবা দ্বৈধী তাহার অন্তরে। দেখিবে ক দিন আর অবহেলা করে॥ নিকটে আইলে মুখে মানাম্বর ঢাকি। না করিও ত্বরা তার সহ তাকাতাকি।। হইলে বিহিত নঅ রোদন করিয়া। আদায় লইবা বাকী শ্রবণে ধরিয়া।। এই ৰূপ নানা ৰূপ গণন গাথন। হাস্য পরিহাসে রত যত নারীগণ।। দূরেতে দাঁড়ায়ে সতা দেখেন কৌতুক। ত্রীড়ানঅমুখী প্রাণ করে ধুক ধুক।।

জায়ে কন "চল দিদি গুছে ফিরে যাই। এথানে বিলম্বে আর কোন কার্য্য নাই।। राला हिल शुक्य-नियिष এই স্থান। তবে কেন এ সন্ত্যাসী হেরি বিদ্যমান 11 না জানি সন্ন্যাসী এই হয় কোন্ জন। চল দিদি এখানে নাহিক প্রয়োজন ৷৷" প্রথমা কহিছে "সতি কারে ভয় কর। সংসারবিরাগী এই মহা যোগীশ্বর ৷৷ দেখ, যোগী-দেহ পুঞ্জ পুঞ্জ তেজোময়। তুমি মুধ্বা হেন সন্ন্যাসীরে কর ভয়।। এই দেখ যাই আমি দেখাইতে কর। এন্যো সঙ্গে কিছুই কর্য়ো না মনে ভর ॥" এত বলি হাত ধরি করে টানাটানি। হইল দিগুণ রাহ্বা সতী-পত্মপাণী।। অশ্রমুখী হয়ে সতী রোষে কন বাণী। "কি দুঃখে ফেলিলে দিদি এখানেতে আনি ॥ হাসাইতে চাহ না কি রমণীসমাজ। 'হায় আমি মাটী থেয়ে' করিনু কি কাজ।। কেন মজিলাম আমি তব প্রলোভনে। কি কবে দেবর তব এ কথা শ্রবণে ৷৷

বিনয়েতে ধরি দুটী তোমার চরণে ৷ **চল চল চল দিদি যাই নিকেতনে ।।"** এমন সময়ে তথা আইল যোগিনী। प्रत्थ बन्धभवाञ्चना पुरे नीमखिनी।। ''কহে এ আনন্দধামে কি হেতৃ বিবাদ। र्श्वनित्व मिल्लीत नाथ घिटित श्रमाम ॥" বিবরণ শুনি পরে কহিছে বচন। "অনিচ্ছায় প্রবৃত্তি প্রদান অশোভন।। বিশেষতঃ জানি আমি শুন সুবদনি। এই যোগীবর হয় ভণ্ডচূড়ামণি।। কেমনে আইল হেথা বুঝিতে না পারি। প্রমোদা-প্রমোদবনে কেন বামাচারী॥" গুনি কথা সন্ন্যাসী উঠিল রোষভরে। আরামের অন্য দিগে চলিল সত্তরে।। যায় যথা মধুরিকা বেচিতেছে সুরা। বিনায়ে বীণায় গায় গীতিকা মধুরা।।

## গীত।

কাল্পডা।

प्तथ कमिनी कनी প्रভाउ उपग्र। बन वधु मम किना नानिका-निनग्र।।

> অৰ্দ্ধ বিক্সিত মুখ, নয়নে বিতরে সুথ, অস্ফুট কারণে দুঃখ ভাবে অলিচয় ৷—(১) রাথে ৰূপ আবরণে, তাহে কোভ পেয়ে মনে. কিরে যায় অলিগণে वर्गाकुल क्षप्र ॥—(२) পর দিন দেখে আসি, निनी रुख़िष्ठ वाती, যামিনী গিয়েছে নাশি ৰূপ রসময়।--(৩) অতএব বাক্য ধর. কেন রুথা কাল হর, যৌবন সফল কর. থাকিতে সময়।।—(8)

গীত শুনি হাসে যত সুরত-রঞ্জিণী।
অব্দণ উদয়ে যথা সুর-তরঞ্জিণী।।
হেনে কহে কোন ধনা "ভাল দেখি যোগী।
গীতে দেয় পরিচয়, প্রকৃত সম্ভোগী।।
প্রণয় বিয়োগে বুঝি যোগে দিলা মন।
কহ হে নবীন যোগী শুনি বিবরণ।।"
উত্তরে সন্ন্যাসী ধরে দ্বিতীয় সঞ্জীত।
মোহিনীমণ্ডল মহা পাইল পীরিত।।

গীত।

বাহার।

প্রেম-যোগে আছি নিরন্তর ৷
ধ্যানে ধরি দদা প্রিয়া-মুখ-সুধাকর ৷৷
দে মুখ সুধার স্থান,
তাহে দোমরস পান,
করিয়া পবিত্র কবে হবে কলেবর ৷৷—(১)
তার পদ রজঃ অঙ্কে,
মাথিব পরম রক্কে,
এমন বিভূতি কোথা ভূবন ভিতর ৷৷—(২)

বিনোদ কবরীজাল,
হবে মম মুগ ছাল,
মনোহর কমগুলু হৃদয় উপর ।৷—(০)
হৃদি কুপ্তে স্নেহ হবি,
প্রণয় অনল ছবী,
করি হে সোহাগ যাগ যামিনী বাসর ।৷—(৪)

হেন কালে তথায় যোগিনী উপনীত।
নির্থি অমনি যোগী সমাপিল গীত।।
কহিছে যোগিনী রোবে "রে রে ভপু যতি।
ভাল ভাল এই বটে যোগী যোগ্য রতি।।
যেমন দুর্মতি তব সেরূপ দুর্গতি।
পূর্ব জন্মকথা\* মনে কর দুস্টমতি।।
জাতিকার বলিয়া করহ অহঙ্কার।
চিন্তা নাহি হয় কিসে পাইবে নিস্তার।।"

<sup>\*</sup> অপ্রকাশ নতে এতদেশে এরপে প্রবাদ আছে, আক্রর শাহ পূর্ব্বজন্মে এক বুক্ষণতনয় ছিলেন, কর্মদোবে শাপভুক্ত হইয়া হবন-কুলে জন্ম গুহণ করেন। অপর আক্রর শাহ জাতিয়র ছিলেন; বোধ হয়, সুচতুর আক্রর এই রূপে প্রবাদ প্রচারদারা দ্বীয় হিন্দু প্রজামগুলে সম্বিক প্রিয় হইবার চেন্টা পাইয়া থাকিবেন।

কথা শুনি সন্ন্যাসী চলিয়া গেল দূরে। অন্য পথে যোগিনী প্রবেশে অন্তঃপুরে ।। হেতা সতা সীমস্তিনী কিছু কাল পরে। প্রথমারে না হেরিয়া কাতর অন্তরে।। শুখাইল মুখশশী ভাবে মনে মনে। পরিহরি গেল দিদী আমার গঞ্জনে।। আর বার ভাবে বৃঝি লুকাইয়া আছে। অভাগীর রঙ্গ দেখে দাঁড়াইয়া কাছে।। যারে হেরে সমুখেতে জিজ্ঞাসে তাহারে। দেখেছ কি ভিকানের রাজপ্রমদারে ।। কেছ বলে সে কেমন না দেখি কথন। কেছ বলে উপবনে কর অন্বেষণ।। কেহ নিৰুত্তরে যায় মৃদু হাস্যাধরে। কৈহ বা অন্তরে অতি পরিতাপ করে।। ব্যাকুল হইয়া বালা ডাকে উচ্চৈঃম্বরে। কভু কুঞ্জে কুঞ্জে তার অন্বেষণ করে।। खमकल विन्द्र विन्द्र ललाएँ উদয়। সিন্দূর চন্দন বিন্দু পরিজন্ত হয়।। গলিত নয়নজলে দলিত অঞ্জন। क्लोन-क्रमल यन दित्रक त्रञ्जन।।

' আকুল হইয়ে বসে বকুলের তলে।' যন ঘন বহে শ্বাস প্রতি পলে পলে ৷৷ যেন কারাতের জালে কপোত মহিলা। মুক্তি-লাভে বহুক্ষণ হয়ে যতুশীলা।। পরিশেষ শ্রান্ত দেহে পড়ি এক ধারে। মুহুম্ব্রুঃ শ্বাস ত্যজে নারে উড়িবারে।। তব্দতলে বসি এই স্থির করে সতী। যে পথে এসেছি সেই পথে করি গতি ৷৷ শুনিয়াছি কাত্যায়নী অগতির গতি। অবশ্য আমারে রক্ষা করিবেন সতী।। এত ভাবি পূর্বপথে করিল গমন। প্রবেশে পুরীর মধ্যে সচকিত মন 🛭 ।। দেখে রত্ন ক্ষটিকের কত দীপাধার। নানা রঙ্গে তাহে গাঁথা প্রভাপুষ্পহার।। হেম-পাত্তে স্বাহানাথ ঈষৎ উদয়। ধূপচূৰ্ চাৰুগন্ধ বছে গৃহময়।। জলিছে ভিত্তির গাত্তে প্রকাণ্ড মুকুর। यन्मार्किनी यथा मीख करत मूत्रश्रत।। এই ৰূপ নানা সজ্জা নির্থে নয়নে। কিন্তু জন প্ৰাণী নাই সেই নিকেতনে !!

দূরে দূরে মধুর বীণার ধনি হয়।
কোথায় সারজ-তানে সুধা বরিষয়।।
কোথায় মূরলীষরে মন করে চুরী।
সতী ভাবে মায়ার রচনা এই পুরী।।

## मूत्रनोत्र गीठ।-->

विखाँ है।

কেন মন্ত হলি রে এমন।
হেন মদ কোথা পান করিলি রে মন।।
সুধার ভাপ্ডার যার সূচারু বদন,
সে ত নাহ্নি করে তোরে বিন্দু বিতরণ,
জ্ঞান হারাইলে তুমি, করি দরশন।।—(১)
দরশন করি সুধা হল্যে অচেতন,
না জানি করিলে পান কি হবে তথন,
অবোধ নাহেরি আর তোমার মতন।।—(২)
রব শুনে ভাবে সতী এই দিগে যাই।
দেবীর দরায় যদি সদুপায় পাই।।
এত ভাবি সেই দিগে করিল পয়ান।
অমনি স্থগিত তথা মুরলীর গান।।

অন্য দিগে বাজিতে লাগিল মৃদুস্বরে। শুনিয়ে শঙ্কায় সতী-শরীর শীহরে।।

মুরলীর গীত।—২

বাহার।

যৌবন মাদকে তব ঘূর্ণিত নয়ন।
নিকটে অধীন, নাহি কর দরশন।।
মিলন শীতল বারি,
এ মাদকে হিতকারী,
পান কর প্রমোদিনি, ধরহ বচন।।—>
মন্ততা হইবে গত,
পথ পাবে মনো মত,
সুস্থির হইবে তব সুচঞ্চল মন।।—২

সঙ্গাতের ভাব শুনি ভয়ার্ত্ত ভাবিনী।
ভাবে কোথা অভাবে সন্ডাব সম্ভাবিনী।।
নাহি পায় পথ ধনী যেই দিগে যায়।
কপালে কঙ্কণ মারে করে হায় হায়।।
রাবণের ঘোর-চক্র স্বৰূপ ভবন।
যত যোৱে তত যোৱে পড়ে জাস্ত জন।।

কুটিলা তটিনী যথা বাঁকে বাঁকে বয়।
দণ্ডেকের পথ দিনে সান্ধ নাহি হয়।।
পথিক ভাবনা করে আইলাম দূরে।
শোষে দেখে পূর্ব স্থানে আদিয়াছে যূরে।।
সেই ৰূপ পথ সতী সন্ধান না পায়।
সেই দার মুক্ত, যেই দিগে ধনী যায়।।
রক্ষত রচিত দার শোভে শত শত।
কাঞ্চন কবজে ঝুলে স্বিচিত্র কত।।
হতাসে হতাশ হয়ে পড়িল বসিয়া।
বিনোদ কবরা-ভার গিয়াছে খসিয়া।।
তৃষায় তাপিত কণ্ঠ নাহি সরে রব।
মৃদু স্বরে আরম্ভিল কুলদেবীস্তব।।

স্তোত্র।

রাগ ভৈরেষ।

ভব-চিত-অলি পাত্মিনি! ভকত-হৃদয় সাত্মিনি! ভব-ভয়-চয় হারিনি! জনম-জলধি তারিনি!

मुद्र म्ल-व्ल क्लिकि! **শব শুভ শিব কুপিকে**! হিম গিরিবর নন্দিনি! হরি হর বিধি বন্দিনি! যুক্তি মুক্তি ধায়িনি! স্মর-হর হৃদি শায়িনি! দুরিত দনুজ দামিনি! কুলপতি কুল-কামিনি! পশুপতি অনুগামিনি! ভুবন-ভরণ ভামিনি! নরক-নিগড় মোচনি! শতদল দল লোচনি ! ত্রিপুর মথন মোহিনি! ত্রিপুর হৃদয় রোহিণি! মহিষ মদ বিমৰ্দ্দি ! অগণিত গজ নৰ্দিনি! মুহি তৃহি পদ কিঞ্করী! জয় জয় জয় শঙ্করি! যবন ভবন অন্তরে! মরি মরি ডরি অন্তরে!

তনুৰুই ঘন শীহরে! ভয়-চয় সব ধী হরে! প্রাণত চরণ সেবিকে! বিতর শরণ দেবিকে।

প্রসাদ সিদ্ধ ঈশ্বরি! প্রভাত ভানু ভাম্বরি! মহেন্দ্র নাথ সুন্দরি! ধরাধরা পুরন্ধরি! নিশুন্ত শুদ্র যাতিনি ! প্রচণ্ড চণ্ড পাতিনি! প্রশান্ত দান্ত পালিনি! প্রসীদ মুগু মালিনি! শশাক্ষ থণ্ড ভালিনি! त्रुथा त्रमेख नानिनि! কতান্ত যন্ত্ৰ থণ্ডিকে! ক্লপাণ দেহি চণ্ডিকে! প্রলম্ব হার লম্বিকে! প্রসীদ মাতর্গ্বিকে!

प्तछ पृथ्थ बाहि म। উপায় শীঘ্র দেহি মে।। এই ৰূপে এক মনে করে নতি স্তুতি। প্রসন্না হইলা তাহে দেবী শিবদূতী।। পার্শ্ব স্থাঞ্চিত হয় দৈববাণী। মাভৈ মাভৈ রবে ভৈরবা ভবানী।। কহিছেন স্নেহ ভরে '' শুন কন্যে সতি। তোর অমঙ্গল করে কাহার শকতি।। সতীত্ব কবচে তোর আরত শরীর। প্রকাশে প্রভাব যেন মধ্যাহ্ন মিহির।। কার সাধ্য অতিচার করিতে তাহার। কোন্ তুচ্ছ আক্বর যবনকুমার।। ভয় নাই, ভয় নাই, ভয় নাই আর। এই লহ তরবারী প্রসাদ আমার।। হৃদয়ে গোপনে রাথি করহ গমন। সাহসে নির্ভর সতি, দৃঢ় কর মন।।" শুনিয়া স্তম্ভিত চিত কিছু ক্ষণ সতী। উদ্দেশে চপ্তিকাপদে করিল প্রণতি।। দেখে জালনায় এক সুঠীক্ষ্ণ ভুজালী। হৃদয়ে রাথিল মুখে বলি জয় কালী।।

কদম্বকুসুম প্রায় লোমাঞ্চিত কায়। চকিত স্থগিত নেত্রে এই মনে ভায়।। " যে স্বরে ভবানী-বাণী শুনিলাম কাণে। যেন তাহা শুনিয়াছি আর কোন খানে ॥" অনেক চিন্তিয়া সতী করিল নিশ্চয় ৷ ''যোগিনীর স্বর প্রায় অনুভূত হয়।। বুঝিলাম কালিকার কৰুণা এথন। আমারে রাথিতে দেবী দিলা দরশন !! যোগীর নিকটে যেতে করিলেন মানা। নিবারিলা প্রথমার প্রলোভন নানা।। বুঝিতে না পারি কিছু অভিসন্ধি তার। প্রবৃত্তি প্রবন্ধ কত দিল বার বার।। এথন আমায় ত্যজি অদৃশ্য হইল। সভা-ভঙ্গে কেন মোরে সঙ্গে না লইল।। দেখ্যেছি ক দিন আসে এই নৌরোজায়। নানা রত্র অলঙ্কারে গৃহে ফিরে যায়।। কোথায় পাইল সেই সকল রতন। কেন হেন কেমন কেমন করে মন।।" ভাবিতে ভাবিতে বালা যায় ক্রতগতি। সহসা ভেটিল তথা আসি দিল্লীপতি।।

রাজপরিচ্ছদধর মনোহর বেশ। ৰূপেতে করিল আলে। প্রাঙ্গণ-প্রদেশ।। কোহীনুর রত্ন ভেট দিয়ে সতীপদে। জানু পাতি কহে যুক্ত কর-কোকনদে।। ''শুন রাজকন্যে মহাধন্যে বরান্মি। তব ৰূপ গুণ যশে ভরিল ধরণী ৷৷ নয়ন-শ্রবণ-বাদ-ভঞ্জন-কারণ। করিলাম যজ্ঞৰূপ নৌরোজা স্জন।। তব অধিষ্ঠানে পূর্ণ হল্যা সেই যাগ। লহ এই কোহীনুর তব যজ্ঞভাগ।। তোমার অযোগ্য এই থানিজাত মণি। হৃদয়ে দ্বিতীয় ভেট আছে সুবদনি।। যদি তৃমি অনুমতি দেহ অকিঞ্নে। বুক চিরে সেই মণি দেই এচরণে ৷৷ রাঙ্গাপায় বিকায়েছি প্রাণ আর দেহ। প্রসন্না হইয়ে দীনে রূপাদৃষ্টি দেহ।।" যেন কোন পথিক পতিত ঘোর বনে।

যেন কোন পথিক পতিত ঘোর বনে। পথ হারা দিক্ হারা ভ্রমে ভ্রান্ত মনে।। অকসাৎ করে দৃষ্টি নির্গম সময়। ভীষণ শার্দূল আসি সমুখে উদয়।।

তরজে গরজে ঘোর সুগভার ষরে। मिहे बार्थ पार्थ में कि मिली है स्थार है। প্রথমতঃ প্রকম্পিত হইল শরীর। প্রবল পরনে যেন কদলা অস্থির ৷৷ কিন্তু ক্ষত্রিয়ার তেজ থাকে কত ক্ষণ। শরদ্ জলদে কভু ঢাকে বিকর্ত্তন।। কেশরী-কুমারী প্রায় বিষম বিক্রম। .কছে সতী শুন "রে মোগল নরাধম।। তুমি না ধার্মিক ধার বার বাদ্শাহ। তুমি না জগৎগুৰু বলি যশ চাহ !৷ তুমি না অভেদ-জ্ঞানী সর্ব ধর্ম প্রতি। তুমি না সাধুর শ্রেষ্ঠ সুরতি সুঁমতি ।। এই কি তোমার ধর্ম রে রে দুরাশয়। এই কি বারত্ব তব যবন তনয় !! এই কি তোমার পুণ্যব্রত-পরিচয়। এই কি তোমার কীর্ত্তি, কলুষনিলয়।। ধিক্ ধিক্ ধিক্ রে মোপল দুরাচার। মনে ভাব পরলোকে কিসে পাবে পার ॥" কথা শুনি আক্বর হইল অবাক্।, মানস চঞ্চল যেন কুলালের চাকু ৷৷

ভাবে, ''সুনিশ্চয় পতিব্ৰতা এই নারী। এত দিনে অবলার হাতে হৈল হারী।। ভ্রনের ভামিনী ভারিনীগণ যত। আমার প্রণয় যাচে কাঙ্গালিনা মত।। এ নারী কেমন নারী নারি চিনিবারে। নারিলাম কোহীনুর রত্তে কিনিবারে।। যে হোক্ সে হোক্ এরে ছাড়া কভু নয়। ছলে বলে বশীভূত করা যুক্তি হয়।। শুদ্ধ দেহে যদি যায় কলঙ্ক রটিবে। রাজোড়া-মণ্ডল সহ বিবাদ ঘটিবে ৷৷" এত ভাবি যায় শাহ প্রদারিত করে। ধরিতে ধীরায়, থর থর কলেবরে।। হেরিয়ে হরিণনেত্রা হরিদারা প্রায়। কণ্ঠে ধরি দূরেতে ফেলিল বাদৃশায়।। অবশ নরেন্দ্রনাথ স্বরশরাঘাতে। ছিন্নমূল ক্রম-প্রায় পড়িল ধরাতে।। অমনি রমণী হুদে পদাঘাত করি। কহিতে লাগিলা করে করবাল ধরি।। '' অরে রে গোলামপুত্র গোলাম দুর্জ্জন। এত বড় সাধ্য তোর শৃকরনন্দন।।

কোথায় করে ছে আশা পাপিষ্ঠ পামর ৷ শৃগাল হইয়া চাহ সি॰হসুতা-কর।। জান না ভানুর বংশ ভানু অংশধর। শশদীয় পুৰুষ প্রমদা পরিকর ৷৷ রে দুর্মতি আমরা মোগলসূতা নই। বানুরের বানরী স্বরূপ বাঁধারই।। আমাদের অস্ত্র নহে সূচিকা কর্ত্তরী। এই দেখ করে করবালী ভয়ঙ্করী।। এই দেখ পরীক্ষা তাহার দুরাচার। এই রে তৈমুর বংশ করি রে সংহার ।।" এত বলি উঠাইল করাল রূপাণ। নির্থিয়া আক্বর হৈল হতজ্ঞান।। অকন্সাৎ পুষ্পার্ম্থি সতীর উপরে। थना थना विन टेम्व-वानी यात श्रदत ।। ভাবে শাহ ভীমা মূর্ত্তি করি নিরীক্ষণ ৷ নিমস্ত্রিয়া আনিলাম আপন মরণ।। দূর-গত পূর্বভাব কছে সবিনয়ে। 'শ্ভন শক্তিমতা সতি শক্তির তনয়ে।। জানিলাম তুমি সতা সত্য পতিব্ৰতা। ক্ষত্রকুল পবিত্রকারিণী কম্পলতা ৷৷

ধন্য বীরাজনা তুমি বীরের নন্দিনী। বীরগণ অন্তরেতে আনন্দ স্যান্দিনী। করিয়াছি অপরাধ মাগি পরিহার। রোষ পরিহর, হর দুর্গতি আমার।। করিলাম মাতৃৰূপে তোমারে স্বাকার। স্বচ্চন্দে সুখেতে যাহ গৃহে আপনার।। এক মাত্র ভিক্ষা মম কর অঙ্গীকার। প্রকাশ না হয় যেন এই সমাচার ॥" শান্ত হয়ে সতা কছে "তবে ক্ষমি আমি। যদি এক প্রতিজ্ঞা করহ ক্ষিতিস্বামি ॥ সত্য কর কোরাণ শরীফ শিরে ধরি। লিখে দেহ নিজ পঞ্জা দস্তথৎ করি।। যদবধি তৃমি কিম্বা তব বংশধর। ভারতের সি॰হাসনে থাকিবা ঈশ্বর।। ছলে বলে কি কৌশলে দিল্লী-অধিকারী। না আনিবে নিজপুরে রাজপুৎনারী।।" তথাস্ত বলিয়া শাহ করে অন্সীকার। লিখে দিল সেই কথা আজ্ঞা অনুসার।। পুনরায় বহুতর ক্রিল বিন্তি। প্রসন্ন হৃদয়ে গৃছে ফিরে গেল সতী।।

হেথা পূথী প্রিয়া-হারা পারাবত-প্রায়। যামিনী-যাপন করে ছট্কট্কায়।। কভু আসি কাকতন্ত্রা নয়নে উদয়। সঙ্গে সঙ্গে কেরে তার কুস্বপ্ন তনয়।। মিথ্যাদৃষ্টি মহিলা তাহার প্রমোদিনী। মানস-প্রমদ-বনে ভ্রমে প্রমাদিনী 11 কুষ্বপ্নে দেখিছে পৃথী মহা পারাবার। প্রবল প্রবনে তরঙ্গিত অনিবার।। তরল তৃফানে এক তরণী চঞ্চল। টল টল শতদলদলে যেন জল ৷৷ কথন আকাশমার্গে উঠিছে যেমন। কথন পাতালে যেন করিছে গমন।। ভেঙ্গে পড়ে গুণরক্ষ, কাপ্তারী বিকল। তৃতকে দাঁড়ায়ে কাঁপে আরোহী সকল।। তার মাঝে এক নারী রোদন বদনে। গগণের প্রতি দৃষ্টি উন্নত নয়নে।। ছিন্ন ভিন্ন অলকা উড়িছে সমীরণে। ক্ষণে ক্ষণে দৃশ্য ক্ষণপ্রভার কিরণে ৷৷ আইল প্রবল বাত্যা কুলিশ কল্লোলে। ভথতরী মথ করে সাগরহিলোলে।।

তরক্ষে বনিতা সেই, হয়ে নিপতিতা।
কভু নিমজ্জিতা হয় কভু সমুথিতা।।
দেখে পৃথী সেই নারী আর কেই নয়।
প্রাণপ্রিয়া সতী সিন্ধুগর্ম্ভে পায় লয়।।
জাগিয়ে উঠিল কবি বলি সতি সতি।
দেখিল গৃহেতে নাই জায়া গুণবতী।।

মনোদুঃথে বিদ তথা ভাবে পুনর্বার ।
"এখনো এল্যো না কেন প্রেয়দী আমার ।।
না জানি কি অমঙ্গল ঘটিল তাহার ।
ছারে খারে যাক্ ছার নৌরোজা বাজার ।।
কেন তথা যাইবারে দিলাম বিদায় ।
এখন ভাবিয়ে মরি প্রমদার দায় ।।"
দাদীরে ডাকিয়ে পৃথ্বী জিজ্ঞানে সঘনে ।
"ভাতৃবধূ এন্যেছেন ফিরে কি ভবনে ।।"
দাদী কয় "মহাশয় অনাগত তিনি ।
না জানি বিলম্ব কেন করেন ভর্তিনী ।।"
পুনরায় ভাবনায় তন্দার তুহিন ।
মুদ্রিত করিল তার নয়ননলিন ।।

পুনরায় কুম্বপন করে নিরীক্ষণ। যেন সুবিস্তীর্ণ এক নিবিড় কানন।। দাবানলে প্রজ্বলিত তার চারি ধার। নানা জাতি জীব জন্ত করে হাহাকার।। তার মাঝে গরজে ভুজঙ্গ ভয়ঙ্কর। সহত্র কণায় ক্ষরে বিষ্টেশ্বানর ৷৷ তার পুরোভাগে এক পলায় রমণী। ঘন বেগে পশ্চাতে ধাইছে সেই কণী।। শীহরিতা বরাঙ্গনা চেতন-রহিতা। নিপতিতা ধরায়, হইল বিমোহিতা।। দেখে পৃথী দেই নারী আর কেছ নয়। ভোগীভয়ে ভার্য্যা সতী ভান্তী-মতি হয়।। জাগিয়ে উঠিল কবি বলি সতি সতি। দেখিল গুহেতে নাই জায়া গুণবতী।।

বলে হায় একি দায় ঘটিল আমায়। ভাবিয়ে চিস্তিয়ে কিছুনা পায় উপায়।। এক বার ভাবে মনে যাই অন্বেষণে। কথন হইবে দেখা প্রেয়নীর সনে।। আর বার ভাবে তাহে হইবে কি ফল ৷ সুষুপ্তির ক্রোড়ে নীত মনুষ্য**মগুল** ৷৷ কেহ নহে জাগরিত এমন সময়। হতভাগ্য আমি ভিন্ন কেহ দুঃখী নয়।। জিজ্ঞাসিব এথন কাছারে সমাচার**া** বাদৃশার মহলেতে পড়িয়াছে দার ॥ ভাবিতে ভাবিতে পুনঃ লাগিল নিদালী। পুনরায় হৃদে বহে কুম্বপ্রপ্রালী !! দেখে এক অতি উচ্চতর গিরিবর। পরশিছে তুক্ত শৃক্ত নীরদনিকর ৷৷ কন্দরে ভ্রমিছে এক ভীষণ শার্দুল। ঘন ঘন ধরাপৃঙ্কে আছাড়ে লাঙ্গুল।। নবীনা ললনা এক দুৱেতে পলায়। বহে স্রোতম্বতী সেই গিরির তলায়।। পলাইতে প্রমদা পতিতা ভৃগুদেশে। অধোভাগে যোর বেগে পড়ে মুক্ত কেশে।। দেখে পৃথ্বা সেই ৰারী আর কেহ নয়। প্রাণপ্রিয়া সতী স্বোতস্বতী-গত হয়। জাগিয়ে উঠিল কবি বলি সতি সতি। দেখে পুছে দাঁড়াইয়ে জায়া গুণবতী।।

বিভাবরীশেষে সতী আসিয়ে উদয় ৷ নিরখিয়ে কবিবর চঞ্চল হৃদয় !৷ কহে "প্রাণপ্রিয়ে সতি কহ বিবরণ। কোথায় করিলে এত যামিনী যাপন।! মনে কি ছিল না গৃহ রঙ্গ রস পেয়ে। সর্ববীর শেষে এল্যে মোর মাথা থেয়ে।। কিঞ্চিৎ ভাবিতে যদি যাতনা আমার। তবে কি থাকিতে ভুলে আপন আগার ॥ চিন্তানলে দাহন করিলে মম তনু। নারীধর্মে সার কথা কহিলেন মনু ॥ কুলবধূ অবিহিত পরগৃহে গতি। জনারণ্যে গমন না করে কভু সতী।। তোমারে বিদায় দিয়ে দুর্ভাবনা কত। কুম্বপনে বিভাবরী হইল বিগত।।" কহে সতী স্মিতমুখে বচন অমিয়। ''যা কহিলে তাহাই ঘটিল প্রাণপ্রিয়।৷ যে রতন তোমার আদৃত অতিশয়। আজ নিশী হরিল তক্ষর দুরাশয়।। কি কাজ এ দেহে আর বল প্রাণ ধরি। দেহ খর করবাল প্রাণ পরিহরি॥"

শুনি পৃথ্বী ভাব কিছু বুঝিতে না প্লারে। কহে "পরিহাস হর প্রেয়সি আমারে।। কহ সত্য বাণী ধনি, কহ সত্য বাণী। তোমার বচন কভু অন্যথা না মানি।।" প্রফুল বন্ধুক প্রায় হসিত অধরে। স্বীক্রতি-পত্রিকা সতী দিল পতি-করে ৷৷ কহিল সকল কথা গোপন না করি। কবি কহে '' এক কথা জিজ্ঞাসি সুন্দরি।। শাহের নিকটে তুমি কর্যেছিলে পণ ৷ महाकाल রাখিবারে কথা সংগোপন।। সে সত্য করিলে ভঙ্গ প্রকাশিয়ে কথা। সতীর এৰূপ কাৰ্য্য অযোগ্য সৰ্বথা।। তুমি যদি লঙ্খিলে আপন অঙ্গাকার। কহ এ স্বীক্ষতিপত্তে আস্থা কিবা আর॥ দেখ রণে এক পক্ষ যদি ভাঙ্গে সন্ধি। অন্য পক্ষে কিবা দায় থাকে সত্য-বন্ধি॥" সতী কছে ''কিসে সত্য লজ্মিলাম আমি। বেদে বলে এক তনু পত্নী আর স্বামী।। তবে জানিলাম নাথ তুমি এবে পর। পরিণয়ে দেহ নাই অর্জ কলেবর ৷৷"

🙀 ৰূপ হাস্য রসে পোহায় সর্বরী। र्खेप्ट्रांय प्रमिन शृथी मिल्ली शिक्षकरित।। সন্ত্রীক পুকর তীর্থে করিলেক স্থান। কত দিন থাকি তথা করে দান ধ্যান।। সেই সে লিখিল পত্র রাণার নিকটে। ''কাহারো নিস্তার নাই নৌরোজাসঙ্কটে ॥" রাজ্য নাশে সেই কালে কাননে কাননে। ভ্রমেন প্রতাপ সি॰হ পরিবার সনে।। জনরবে শুনিলেন পৃথী কবিবর। রাজ্যলাভ হেতৃ পুনঃ মেরু নরেশ্বর ৷৷ দিল্লীশ্বর আনুগত্য করিবে স্বীকার। পত্র পাঠাইলা জানিবারে সমাচার।। সেই পত্ৰ এই পত্ৰ শুন হে সুজন। ইতি শ্রিপুরসুন্দরী কথা সমাপন।।